

আর্থিক সচেতনতা বার্তা (ফেম)

আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ,
কেন্দ্রীয় অফিস



আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, আরবিআই

অস্বীকৃতিজ্ঞাপন

এই বইটি পাঠককে আর্থিক ভাবে শিক্ষিত করে তোলার আন্তরিক উদ্দেশ্য নিয়ে শিক্ষণীয় বা শিক্ষাদানের মাধ্যম হিসাবে উপস্থাপিত হয়েছে। কোনো নির্দিষ্ট আর্থিক পণ্য বা পরিষেবা সংক্রান্ত কোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রভাবিত করা এটির অভিপ্রায় নয়।

গ্রন্থস্বত্ব

উৎস স্বীকার সাপেক্ষে বইটির পুনর্মুদ্রণ অনুমোদিত

চতুর্থ সংস্করণ - ফেব্রুয়ারি 2024

ভারতীয় রিজার্ভ ব্যাংক কর্তৃক মুদ্রিত



ভারতীয় রিজার্ভ ব্যাংক
ভারতের কেন্দ্রীয় ব্যাংক

আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ

10 তলা, শহীদ ভগত সিং মার্গ ফোর্ট, মুম্বাই - 400 001

স্বীকার

সজ্জা: কৌশিক রামাচন্দ্রন

মুখবন্ধ

আর্থিক সাক্ষরতা

আর্থিক সাক্ষরতা হল আর্থিক সচেতনতা, জ্ঞান, দক্ষতা, মনোভাব এবং আচরণের সংমিশ্রণ যা সঠিক আর্থিক সিদ্ধান্ত এবং শেষ পর্যন্ত ব্যক্তিগত আর্থিক সমৃদ্ধি অর্জনে সাহায্য করে।

আর্থিক সাক্ষরতার উপাদান

আর্থিক সাক্ষরতা বিভিন্ন প্রেক্ষাপট যথাযদি অর্থ ব্যবস্থাপনা, স্বল্প এবং দীর্ঘমেয়াদী আর্থিক লক্ষ্য অর্জনের পরিকল্পনা করা, সচেতনতা এবং আর্থিক পণ্য পছন্দ করাকে অন্তর্ভুক্ত করে।

আর্থিক জ্ঞান	আর্থিক আচরণ	আর্থিক মনোভাব
আর্থিক জ্ঞান হল মূল আর্থিক ধারণাগুলিকে বোঝা এবং বাস্তব জীবনের আর্থিক পরিস্থিতিতে সুবিধা মূল্যায়ন করার ক্ষমতা। সাধারণ সুদ, চক্রবৃদ্ধি সুদ, অর্থের সময় মূল্য, মুদ্রাস্ফীতি, বিবিধকরণ, বিভাজন, ঝুঁকিপ্ৰাপ্তি এবং ঋণে প্রদত্ত সুদের ধারণা একজন ব্যক্তির আর্থিক জ্ঞান নির্ধারণের জন্য কয়েকটি সূচক।	আর্থিক আচরণ হল প্রতিদিনের অর্থ ব্যবস্থাপনা, আর্থিক পরিকল্পনার, ব্যয়, সঞ্চয়, বিনিয়োগ, দৈনিক প্রয়োজন মেটাতে ঋণের উপর নির্ভরতা এবং ভবিষ্যতের ভালো থাকার জন্য একটি সুরক্ষা জাল তৈরি ইত্যাদির অধ্যয়ন করা।	আর্থিক মনোভাবকে বলা যেতে পারে, ভালো থাকার লক্ষ্যে সঞ্চয়, দীর্ঘমেয়াদি নিরাপত্তার চেয়ে স্বল্প মেয়াদী চাহিদাকে অগ্রাধিকার, ঝুঁকি নেওয়ার প্রবণতা ইত্যাদির প্রতি মানুষের প্রতিক্রিয়া।

ভূমিকা

আর্থিক শিক্ষার লক্ষ্যে রাষ্ট্রীয় পরিকল্পনা (এন এস এফ ই) 2020-2025 এর উদ্দেশ্য হল জনসংখ্যার বিভিন্ন অংশের মধ্যে পর্যাপ্ত জ্ঞান, কৌশল, মনোভাব এবং আচরণ বিকাশের মাধ্যমে ক্ষমতায়ন করা যা ভারত সরকার এবং আর্থিক বিকাশ ক্ষেত্রের নিয়ন্ত্রকদের দৃষ্টিভঙ্গি সমর্থন করে। সমস্ত ভারতীয়দের আর্থিক বিকাশের জন্য এটি বহু- অংশীদারিত্ব পদ্ধতি সুপারিশ করে। এটি আর্থিক শিক্ষা প্রসারের জন্য 5 সি' পদ্ধতি সুপারিশ করে, যথা প্রাসঙ্গিক বিষয়বস্তুর (স্কুল, কলেজ এবং বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের পাঠ্যক্রম সহ) বিকাশ, আর্থিক পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ক্ষমতার বিকাশ, উপযুক্ত যোগাযোগ পরিকল্পনার মাধ্যমে আর্থিক সাক্ষরতার জন্য সম্প্রদায়-চালিত মডেলের সুবিধা উপলব্ধ করা এবং সর্বশেষে, বিভিন্ন অংশীদারদের মধ্যে সহযোগিতা বাড়িয়ে তোলা।



সুচিপত্র

বেসিক ব্যাঙ্কিং

বার্তা 1 - বাজেট তৈরি, সঞ্চয় এবং দায়িত্বপূর্ণ ঋণ গ্রহণ	01
বার্তা 2- জমা খাতা বা ডিপোজিট অ্যাকাউন্ট.....	04
বার্তা 3 - ক্রেডিট স্কের.....	05
বার্তা 4 - নতুন ধরনের ব্যাঙ্ক ও ব্যাঙ্ক মিত্র.....	07
বার্তা 5- নিষ্ক্রিয় অ্যাকাউন্ট.....	09

আর্থিক সক্ষমতা

বার্তা 6- ঋণের উপর ধার্য সুদ.....	12
বার্তা 7- চক্রবৃদ্ধি	13
বার্তা 8 - মুদ্রাস্ফীতি.....	15
বার্তা 9- টাকার সময় মূল্য.....	16
বার্তা 10 - ঝুঁকি বনাম প্রাপ্তি	18
বার্তা 11- বিবিধকরণ.....	20

ডিজিটাল আর্থিক সাক্ষরতা

বার্তা 12 - খুচরো পর্যায়ের অর্থ স্থানান্তর পরিষেবা.....	22
বার্তা 13 - ইউনিফাইড পেমেন্টস ইন্টারফেস.....	23
বার্তা 14- বৈদ্যুতিন মাধ্যমে ব্যাঙ্কিং লেনদেনের ক্ষেত্রে উচিত ও অনুচিত কার্যাবলী.....	25
বার্তা 15 - এটিএম এর মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে উচিত ও অনুচিত কার্যাবলী.....	26
বার্তা 16- বৈদ্যুতিন মাধ্যমে লেনদেনের সময় জালিয়াতি হলে গ্রাহকের দায়বদ্ধতা.....	28

গ্রাহক সুরক্ষা

বার্তা 17 - মিস-সেলিং বা ভুল বুঝিয়ে বিক্রয়.....	31
বার্তা 18 - সচেত পোর্টাল.....	32
বার্তা 19 - এত ভালো কি বিশ্বাসযোগ্য?	33
বার্তা 20 - আমানত বীমা.....	35
বার্তা 21 - অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা.....	38
বার্তা 22 আর বি আই পরিচালিত অভিযোগ পরিচালন ব্যবস্থা (সি এম এস).....	40
বার্তা 23 - দুর্যোগ থেকে ত্রাণ	42

শিক্ষণীয় খুঁটিনাটি

বার্তা 24 - অ্যাকাউন্ট এগ্রিগেটর (AA).....	45
বার্তা 25 -ডিজিটাল লেনদেন অ্যাপ	46
বার্তা 26 - MANI অ্যাপ - দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন.....	48
বার্তা 27 - নোংরা/বিকৃত/ক্রটিপূর্ণ নোট বিনিময়.....	49
বার্তা 28 - কয়েন সম্পর্কে বিভ্রান্তিকর তথ্য দূর করুন	50
বার্তা 29- ডিজিটাল রুপি.....	51
বার্তা 30-UDGAM পোর্টাল	52

আর্থিক সচেতনতা বার্তা (ফেম)

বেসিক ব্যাকিং



003



আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, আরবিআই

বার্তা 1

বাজেট তৈরি, সঞ্চয় ও দায়িত্বপূর্ণ ঋণ গ্রহণ

বাজেট তৈরি



বাজেট কি?

সহজ কথায় বলতে গেলে, নিজের **ভবিষ্যৎ** আয় ও ব্যয়ের পরিকল্পনা করাকেই বাজেট বলে। বাজেট বার্ষিক, মাসিক এমনকি সাপ্তাহিকও হতে পারে।

কেন বাজেট তৈরি করবো?

বাজেট অনুসরণ করে আপনি ব্যয় আরও ভালভাবে নিয়ন্ত্রণ করতে পারেন এবং অর্থ সঞ্চয় করতে পারেন। প্রকৃত ব্যয়ের সাথে বাজেটের তুলনা করলে আপনি বুঝতে পারবেন যে কোথায় বেশি (বা কম) খরচ করেছেন।

একটি বাজেটের মূল লক্ষ্য হলো আপনার আর্থিক পরিকল্পনার সহায়তা করা।


সঞ্চয়

সঞ্চয় কি?

সঞ্চয়কে এই দৃষ্টিভঙ্গি থেকে দেখা ভালো:

$$\begin{aligned} \text{সঞ্চয়} &= \text{আয়} - \text{ব্যয়} \quad \times \\ \text{ব্যয়} &= \text{আয়} - \text{সঞ্চয়} \quad \checkmark \end{aligned}$$

কোনও খরচা করার আগেই আপনার নিজের উপার্জনের একটা অংশ সঞ্চয় করার জন্য সরিয়ে রাখা উচিত



কোথায় সঞ্চয় করবেন?

সঞ্চয় করার সময় অবশ্যই তিনটি গুরুত্বপূর্ণ বিষয় মনে রাখা উচিত **সুরক্ষা**, **সহজ প্রাপ্যতা** ও **প্রাপ্তি**।

জমা বা বিনিয়োগের আসল মূল্য ফেরত পাবার নিশ্চয়তার ওপর **সুরক্ষা** নির্ভর করবে। সরকারী বন্ড সবচেয়ে বেশি সুরক্ষিত হয়। ব্যাঙ্কের স্থায়ী আমানতকেও (ফিক্সড ডিপোজিট) তুলনামূলকভাবে সুরক্ষিত বলে মনে করা হয়।

মূল্যের ন্যূনতম ক্ষতি স্বীকার করে কোন সম্পদ কতটা সহজে বিক্রি করা যায় **সহজ প্রাপ্যতা** তার উপর নির্ভর করবে। ব্যাঙ্কে জমানো টাকা, তালিকাভুক্ত এবং লেনদেন হচ্ছে এমন ইকুইটি শেয়ার এবং মিউচুয়াল ফান্ডগুলি তুলনামূলকভাবে বেশি সহজ প্রাপ্য হিসাবে ধরা হয়।

প্রাপ্তি নির্ভর করবে আর্থিক পণ্যের ধরণ এবং এর সাথে যুক্ত ঝুঁকির উপর। ইকুইটি শেয়ার আপনাকে অনেক বেশি প্রাপ্তি দিতে পারে তবে এর থেকে ক্ষতির সম্ভাবনাও বেশি।

সঞ্চয় করার সময় কতোগুলো বিষয় মনে রাখা খুবই দরকার

- আপনার টাকা বিভিন্ন ধরনের সম্পদে বিনিয়োগ করা হয় তারা সুনিশ্চিত করুন। ("বিবিধকরণের" উপর পৃষ্ঠা 20 তে 11 নম্বর বার্তা দেখুন।)
- কিছু অংশ সহজ প্রাপ্য সম্পদে থাকা উচিত যাতে প্রয়োজনে সহজে আপনি টাকা পেতে পারেন
- খুব ঝুঁকিপূর্ণ/অনিয়ন্ত্রিত সম্পদে আপনার টাকা রাখলে, আপনার টাকার পুরোটাই খোয়া যেতে পারে!!!

দায়িত্বপূর্ণ ঋণ গ্রহণ

ঋণ নিয়ে এমন ভাবে বিনিয়োগ করা উচিত যা সম্পদ সৃষ্টি করে এবং যার থেকে ভালো প্রাপ্তির সম্ভাবনা আছে। দায়িত্বপূর্ণ ঋণ নেওয়ার উদাহরণগুলি হল বাড়ি কেনার জন্য বন্ধকী ঋণ বা সন্তানের উচ্চশিক্ষার জন্য নেওয়া শিক্ষাঋণ।



সম্পত্তিতে
বিনিয়োগ করার
জন্য করতে ✓



শিক্ষার
জন্য ✓



ব্যক্তিগত
খরচের জন্য ✗



খরচের জন্য
দায়িত্বজ্ঞানহীনভাবে
ক্রেডিট কার্ডের
ব্যবহার করা ✗

ঋণ কার কাছ থেকে নেবেন?

ব্যাঙ্ক, এন বি এফ সি এবং এইচ এফ সি র মতন নিয়ন্ত্রিত সংস্থা থেকে ঋণ নেওয়া একটি ভালো অভ্যাস যেহেতু এইসব সংস্থাকে নিয়মিত পরিদর্শন করা হয়, এরা অনেক বেশি স্বচ্ছ আর মহাজনদের মতো অতিরিক্ত সুদ নেয় না এবং কোনো নিয়ন্ত্রকবিধি অমান্য করলে অথবা পরিষেবা প্রদানে খামতি থাকলে এই সংস্থা অভ্যন্তরীণভাবে এবং নিয়ন্ত্রকের সাথে উভয়সুত্রেই বিনামূল্যে সেই অভিযোগের নিষ্পত্তি করে।

সহজে ঋণ দেওয়ার নামে আপনার সাথে জালিয়াতি হতে পারে।

যারা পারিশ্রমিকের পরিবর্তে আপনাকে সহজে ঋণ পাইয়ে দেবার কথা বলে এমন দালালের থেকে সাবধান থাকুন। ব্যাঙ্ক/এন বি এফ সি/এইচ এফ সি অথবা ব্যাঙ্ক মিত্রের (বি সি) সাথে সরাসরি যোগাযোগ করুন।

এমন একটি যুগে যেখানে ডিজিটাল লেনদেন অ্যাপগুলি তহবিলের দ্রুত এবং সহজ অ্যাক্সেসের প্রতিশ্রুতি দেয়, গ্রাহকদের জন্য দায়িত্বশীল ঋণ গ্রহণের আচরণ গ্রহণ করা গুরুত্বপূর্ণ। একজনের উচিত নিজের আর্থিক চাহিদা বোঝা, ঋণ পরিশোধের ক্ষমতা মূল্যায়ন করা এবং উচ্চ সুদের হার এবং লুকানো চার্জের ক্ষতি থেকে নিজেকে রক্ষা করার জন্য একটি বৈধ ঋণের মতন বিকল্প বেছে নেওয়া।

বার্তা ২

জমা খাতা বা ডিপোজিট অ্যাকাউন্ট

পরোক্ষ বনাম সক্রিয় সঞ্চয়

ব্যাক্সের সাধারণ সঞ্চয় খাতায় সুদের হার খুবই সামান্য তাই এটাকে পরোক্ষ সঞ্চয় বলা যেতে পারে। এইজন্য সঞ্চয় খাতায় খুব বেশি টাকা ফেলে না রাখাই ভালো।



এর বদলে স্থায়ী আমানতে (ফিক্সড ডিপোজিট) বা রেকারিং আমানতে টাকা বিনিয়োগ করলে বেশি সুদ পাওয়া যায়।

আরো কিছু ভালো অভ্যাস:

- নির্দিষ্ট সময় অন্তরে ব্যাক্সের পাসবুক/লেনদেনের বিবরণ যাচাই করা
- চেক বই নিলে তা সুরক্ষিত স্থানে রাখা
- যদি ইন্টারনেট ব্যাঙ্কিং এর সুবিধা নেওয়া থাকে তার আইডি, পাসওয়ার্ড অন্য কাউকে না জানানো
- ডেবিট/এ টি এম কার্ডের পিন গোপন রাখা
- ইন্টারনেটের মাধ্যমে লেনদেন করার সময় পাওয়া একবারের জন্য ব্যবহারযোগ্য পাসওয়ার্ড (ও টিপি) কাউকে না জানানো

মনোনীত ব্যক্তি (নমিনি) কী এবং মনোনয়ন কেন করা দরকার?

মনোনীত ব্যক্তি (নমিনি) তিনি, যিনি একক জমা খাতার/যৌথ জমা খাতার ক্ষেত্রে আমানতকারী / সব আমানতকারীরা মারা গেলে তার বা তাদের অ্যাকাউন্টে পড়ে থাকা টাকার হকদার হবেন (মৃত ব্যক্তি/ব্যক্তিদের উত্তরাধিকারীদের অর্থাৎ ট্রাস্টি হিসাবে)। মনোনয়ন করা থাকলে জীবিত সদস্যদের দাবির দ্রুত মীমাংসা করা সম্ভব।

“ আপনি যখন একটি ব্যাংক জমা অ্যাকাউন্ট খুলবেন তখন সর্বদা মনোনয়ন ফর্মটি পূরণ করুন। আপনার মনোনয়নের বিশদ আপডেট করার জন্য আপনার ব্যাক্সের সাথে যোগাযোগ করুন, যখন প্রয়োজন, এবং ব্যাংকের কাছ থেকে প্রাপ্ত স্বীকার নিয়ে রাখুন ”

মেয়াদ পূরণের আগেই টাকা তুলে নেওয়া

সাধারণত স্থায়ী আমানতের একটা নির্দিষ্ট মেয়াদ থাকে। যদি তা পূর্ণ হওয়ার আগেই টাকা তুলে নেওয়া হয় ব্যাঙ্ক তাঁর জন্য চার্জ বা জরিমানা নিতে পারে।

“ ঝামেলামুক্ত দাবি নিষ্পত্তির জন্য, মেয়াদী আমানতের মেয়াদকালে (যৌথ অ্যাকাউন্টধারীদের সাথে) যে কোনো সময়, সর্বদা মেয়াদ পূর্তির আগেই টাকা তোলার ম্যান্ডেট বেছে নিন ”


স্থায়ী আমানতের মেয়াদ পূরণের আগেই যদি আমানতকারী ব্যক্তি মারা যান সে ক্ষেত্রে এই চার্জ দিতে হয় না



বার্তা 3 { ক্রেডিট স্কোর (ঋণমান) }

ক্রেডিট স্কোর কি?

- ক্রেডিট- স্কোর হচ্ছে তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যা যা কোন ব্যক্তি বা সংস্থার অতীত ঋণ গ্রহণের ইতিহাস সহ আরও অন্যান্য দিক বিশ্লেষণ করে ঋণ গ্রহীতার ঋণ গ্রহণের যোগ্যতা সম্পর্কে আমাদের ধারণা দিয়ে থাকে
- ঋণ তথ্য প্রদানকারী কোন সংস্থা ঋণ প্রতিবেদন এর সঙ্গে ক্রেডিট- স্কোর দিয়ে থাকে
- যদি ঋণ গ্রহীতা ব্যাঙ্ক বা আর্থিক সংস্থার থেকে নেওয়া ঋণ সর্বদা সময়মতো মিটিয়ে দিয়ে থাকে তবে তার ক্রেডিট- স্কোর বেশি হয়



কেন ক্রেডিট স্কোর গুরুত্বপূর্ণ?

- ব্যাঙ্ক বা আর্থিক সংস্থাগুলি ঋণ প্রদানের সময় অন্যান্য বিষয়ের সঙ্গে আপনার ঋণমান ও ঋণের ইতিহাস খতিয়ে দেখে
- অন্যান্য সমস্ত বিষয় একই থাকলেও যে ব্যক্তির ঋণমান বেশি তিনি অপেক্ষাকৃত কম সুদে ঋণের সুবিধা পেতে পারেন

বিনামূল্যে বার্ষিক ক্রেডিট রিপোর্ট: প্রত্যেক ব্যক্তি ক্যালেন্ডার বছরে একবার একটি বিনামূল্যে সম্পূর্ণ ক্রেডিট রিপোর্ট (FCCR) পেতে পারেন। FCCR পাওয়ার পদ্ধতি সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট ক্রেডিট ইনফরমেশন কোম্পানির (CICs) ওয়েবসাইটে উপলব্ধ হবে।

ক্রেডিট ইনফরমেশন রিপোর্টে (সিআইআর) ভুলের সংশোধন: সি আই আর-এ কোনো ভুলের ক্ষেত্রে, একজন ঋণগ্রহীতা তার সিআইআর সংশোধন/আপডেট করার জন্য সিআইসি/ক্রেডিট প্রতিষ্ঠান (ব্যাঙ্ক/এনবিএফসি, ইত্যাদি)কে অনুরোধ করতে পারেন। যদি ত্রিশ দিনের বেশি সময় ধরে অভিযোগের সুরাহা না হয় বা ঋণগ্রহীতা প্রাপ্ত সমাধানে সন্তুষ্ট না হন, তাহলে অভিযোগকারী <https://cms.rbi.org.in>-এ অভিযোগ দায়ের করে আরবিআই - লোকপালের কাছে যেতে পারেন।

এখন প্রশ্ন হলো নিজের ক্রেডিট-স্কোর (ঋণমান) কিভাবে বাড়াবেন?



- নিজের ক্ষমতা বুঝে ঋণ নিতে হবে অর্থাৎ সেই পরিমাণ ঋণই নিতে হবে যা আপনি নিয়মিতভাবে পরিশোধ করতে পারেন
- বিশেষ ভাবে খেয়াল রাখুন যাতে ঋণ পরিশোধের কোনো কিস্তি বাদ না পড়ে
- যদি পারেন তাহলে মেয়াদ পূর্ণ হবার আগেই ঋণ পরিশোধ করে ফেলুন। তাহলে ঋণ ইতিহাস ভালো হয়

বার্তা 4

নতুন ধরনের ব্যাঙ্ক ও ব্যাঙ্ক মিত্র

সাম্প্রতিককালে প্রথাগত ব্যাঙ্কগুলি ছাড়া কিছু অন্য ধরনের ব্যাঙ্ক আমাদের সামনে এসেছে। যেমন পেমেন্টস ব্যাঙ্ক এবং স্মল ফিনান্স ব্যাঙ্ক। সুরক্ষিত এবং প্রযুক্তিগত পরিমণ্ডলে আর্থিক অন্তর্ভুক্তিকরণকে বাড়ানো এই দুই ধরণের ব্যাঙ্ক প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য।

পেমেন্টস ব্যাঙ্ক

- জনসাধারণের কাছ থেকে গ্রাহক প্রতি সর্বোচ্চ 2 লাখ টাকা অবধি সঞ্চয়/চালু খাতায় জমা নিতে পারে কিন্তু রেকারিং এবং স্থায়ী আমানতে টাকা জমা নিতে পারে না
- এ টি এম কার্ড বা ডেবিট কার্ড দিতে পারলেও ক্রেডিট কার্ড দিতে পারে না
- কোনও ঋণ এবং অগ্রিম দিতে পারে না



এরা বিভিন্ন মাধ্যমে অর্থ প্রদান ও স্থানান্তরের পরিষেবা দিতে পারে এবং মিউচুয়াল ফান্ড এবং বীমা পণ্য বণ্টন করতে পারে

স্মল ফিনান্স ব্যাঙ্ক

স্মল ফিনান্স ব্যাঙ্কগুলি প্রাথমিকভাবে অপরিষেবিত এবং কমপরিষেবিত জনসংখ্যাকে কম খরচে উচ্চ প্রযুক্তির মাধ্যমে টাকা জমানোর সুযোগ দেয় এবং ছোটো ব্যবসায়ী, অতিক্ষুদ্র ও ক্ষুদ্র সংস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, অসংগঠিত ক্ষেত্রের সংস্থাগুলিকে ছোটো ছোটো আকারের ঋণ (স্মল ফিনান্স ব্যাঙ্কের মোট ঋণ পোর্টফোলিওর নূন্যতম 50% 25 লক্ষ টাকা অবধি ঋণ এবং অগ্রিম দিয়ে গঠিত হতে হবে।)

ছোট
ব্যবসা
ইউনিট

অতিক্ষুদ্র
ও ক্ষুদ্র
সংস্থা

ক্ষুদ্র ও
প্রান্তিক
কৃষক
সম্প্রদায়

অসংগঠিত
ক্ষেত্রের
ব্যক্তি ও
সংস্থা

ব্যাক্সমিত্র (বি সি)

ব্যাক্স মিত্র (বি সি) হল ব্যাক্স দ্বারা নিযুক্ত প্রতিনিধি, যারা সাধারণত প্রত্যন্ত অঞ্চল/গ্রামাঞ্চলে গিয়ে টাকা লেনদেন সহ বিভিন্ন ধরনের ব্যাক্সিং পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেয়।



একজন ব্যাক্স মিত্র আপনাকে নিম্নলিখিত পরিষেবাগুলি প্রদান করতে পারে:

- ব্যাক্স খাতা (অ্যাকাউন্ট) খুলতে সাহায্য করে
- টাকা জমা ও তোলা
- ব্যাক্স খাতাতে এবং ব্যাক্স খাতার থেকে অর্থ স্থানান্তর করতে পারা
- ঋণের আবেদন গ্রহণ করা
- স্বল্পমূল্যের ঋণের টাকা প্রদান করা



দ্রষ্টব্য

আপনি


- আপনার এলাকায় ব্যাক্স মিত্র পরিষেবা চালু আছে কিনা জানতে পার্শ্ববর্তী ব্যাক্স শাখায় খোঁজ নিতে পারেন
- কোনও রকম সন্দেহ হলে ব্যাক্স মিত্রের নাম ও ঠিকানা ব্যাক্সের থেকে যাচাই করে নিতে পারেন
- আপনার নিকটস্থ ব্যাক্স মিত্রের সম্পর্কে খুঁজতে <https://www.iba.org.in/bcregistry/> এই ওয়েবসাইটে যান
- যদি ব্যাক্স মিত্রের পরিষেবায় সন্তুষ্ট না হন তবে আপনার ব্যাক্সের শাখায় অভিযোগ দায়ের করতে পারেন

একটি নিষ্ক্রিয় অ্যাকাউন্ট কি?

একটি সঞ্চয়/কারেন্ট অ্যাকাউন্ট নিষ্ক্রিয় হিসাবে বিবেচিত হবে, যদি দুই বছরের বেশি সময় ধরে অ্যাকাউন্টে 'গ্রাহক দ্বারা লেনদেন' না করা হয়।

কেন 'ইনঅপারেটিভ অ্যাকাউন্ট' অন্য অ্যাকাউন্ট থেকে আলাদা করা হয়েছে?

প্রতারণার ঝুঁকি কমাতে এবং অ্যাকাউন্টে বর্ধিত ঝুঁকি ব্যাঙ্কের কর্মীদের নজরে আনতে নিষ্ক্রিয় অ্যাকাউন্টগুলিকে অন্যান্য অ্যাকাউন্ট থেকে আলাদা করা হয়।



ফিল্ড ডিপোজিট এবং/অথবা শেয়ারে লভ্যাংশের সুদ ক্রেডিট করার আদেশটি গ্রাহক প্রবৃত্ত লেনদেন হিসাবে বিবেচিত হয় কিনা?

হ্যাঁ. এটি একটি গ্রাহক প্রবৃত্ত লেনদেন হিসাবে বিবেচিত হয়।

একটি নিষ্ক্রিয় অ্যাকাউন্ট সক্রিয় করার প্রক্রিয়া কি?

- ব্যাঙ্কগুলিকে পরামর্শ দেওয়া হয়েছে যে সমস্ত শাখায় (নন-হোম ব্রাঞ্চ সহ) নিষ্ক্রিয় অ্যাকাউন্ট / দাবিবিহীন আমানতগুলি সক্রিয় করার জন্য KYC আপডেট করার সুবিধা উপলব্ধ করতে হবে এবং অ্যাকাউন্ট হোল্ডার এর অনুরোধে ভিডিওগ্রাহক সনাক্তকরণ প্রক্রিয়ার (ভি সি আই পি) সুবিধা প্রদান করতে হবে, ব্যাঙ্কের দেওয়া ভি-সিআইপি সুবিধা সাপেক্ষে। গ্রাহকরা সেই অনুযায়ী নিকটস্থ ব্যাংক শাখায় যোগাযোগ করতে পারেন।
- ব্যাঙ্কগুলিকে আরবিআই দ্বারা নির্ধারিত KYC নির্দেশিকা যেমন কাস্টমার ডিউ ডিলিজেন্স (CDD), গ্রাহক সনাক্তকরণ, ঝুঁকি শ্রেণীকরণ, ইত্যাদি মেনে তিন কার্যদিবসের মধ্যে নিষ্ক্রিয় অ্যাকাউন্ট সক্রিয় করতে হবে।

- ব্যাঙ্কগুলিকে নিজ হতে নিষ্ক্রিয় অ্যাকাউন্ট/ দাবিহীন আমানত গ্রাহকদের এসএমএস এবং নিবন্ধিত ইমেলের মাধ্যমে জানাতে হবে যে তাদের জমা দেওয়া KYC নথির ভিত্তিতে নিষ্ক্রিয় অ্যাকাউন্ট সক্রিয় করা হয়েছে।

নিষ্ক্রিয় অ্যাকাউন্ট সক্রিয় করার জন্য কোন চার্জ আছে?

নিষ্ক্রিয় অ্যাকাউন্ট সক্রিয় করার জন্য কোন চার্জ নেই।

নিষ্ক্রিয় সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্টে সুদ দেওয়া হয় কিনা?

সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্টে সুদ নিয়মিতভাবে জমা হয়, অ্যাকাউন্টটি সক্রিয় হোক বা না হোক। যদি একটি স্থায়ী আমানতের মেয়াদ পূর্ণ হয়ে যায় এবং অর্থ দাবি না করা হয়, তাহলে ব্যাঙ্কের কাছে দাবি না করা টাকাটি সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য সুদের হার বা মেয়াদ পরিপূর্ণ হওয়া স্থায়ী আমানতের উপর সুদের হার, যেটি কম হবে তা প্রযোজ্য হবে।

নিষ্ক্রিয় অ্যাকাউন্টের তথ্য ব্যাঙ্কের ওয়েবসাইটে কি পাওয়া যায়?

ব্যাঙ্কগুলিকে তাদের নিজস্ব ওয়েবসাইটে সেই দাবিহীন/নিষ্ক্রিয় অ্যাকাউন্ট গুলির তালিকা প্রদর্শন করতে হবে যেগুলি 10 বছর বা তার অধিক সময় ধরে নিষ্ক্রিয় রয়েছে। অ্যাকাউন্ট গ্রাহকের নামে

অ্যাকাউন্টের তালিকা অনুসন্ধান

করার জন্য জনসাধারণদের

ব্যাঙ্কগুলি দ্বারা একটি অনুসন্ধান

সুবিধাও দেওয়া হয়। গ্রাহকরা তাদের নিজেদের

দাবিহীন আমানত যা ব্যাঙ্ক গুলির দ্বারা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের আমানতকারীর শিক্ষা এবং সচেতনতা তহবিলে (ডি ই এ ফান্ড) প্রদত্ত করা হয়েছে তার তথ্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের

UDGAM(<https://udgam.rbi.org.in/unclaimeddeposits/#/login>) পোর্টালের মাধ্যমে অনুসন্ধান করতে পারেন।)

এই অনুসন্ধান সুবিধাটি বর্তমানে এখানে তালিকাভুক্ত 30টি ব্যাঙ্কের জন্য উপলব্ধ(<https://www.rbi.org.in/unclaimed-deposits/>)।



আর্থিক সক্ষমতা



বার্তা 6

ঋণের উপর ধার্য সুদ

আপনি ব্যাঙ্কের থেকে
এক বছরের মেয়াদে
100 টাকা ঋণ নিলেন



এবং ব্যাঙ্ক বললো এর
জন্য আপনাকে
বার্ষিক 10% হারে
সরল সুদ* দিতে হবে

এর অর্থ, এক বছরের মেয়াদ শেষে আপনি ব্যাঙ্ককে মোট ফেরত দেবেন 100 টাকা মূল ঋণ এবং 10 টাকা (সরল সুদ) অর্থাৎ মোট 110 টাকা

সরল সুদের হিসাব

$$\left(₹100 \times \frac{10}{100} \right) \times 1 = ₹ 10$$

i.e

$$I = \left(P \times \frac{r}{100} \right) \times n \text{ where}$$

P = আসল, r = সুদের হার, n = বর্ষ হিসাবে মোট মেয়াদ



কিন্তু সাবধান!!!

- সর্বদা ঋণ নেবার সময় অবশ্যই অনুমোদন পত্রে লেখা শর্তাবলী গুলো ভালো করে পড়ে নিন, কারণ প্রতিষ্ঠানভেদে তা আলাদা হতে পারে
- সর্বদা ছোট ছোট অক্ষরে লেখা শব্দগুলো অবশ্যই পড়তে হবে। হয়তো কোনও প্রতিষ্ঠান বলছে তারা 2% হারে সুদ নেবে (ছোট ছোট করে লেখা প্রতি মাসে), আসলে তা বার্ষিক 24%
- সর্বদা আসল সুদের হার এবং আপনার আর্থিক অবস্থার উপর তার সঠিক প্রভাব জানতে বার্ষিক সুদের হার হিসাব করে দেখে নিন।

বার্তা 7

চক্রবৃদ্ধি

চক্রবৃদ্ধিকে 'সুদের উপর ধার্য সুদও' বলা হয়। চক্রবৃদ্ধির সুবিধা হল, প্রাপ্ত সুদ আসলের সঙ্গে যুক্ত হয়ে যায় এবং দুটো মিলিয়ে পুনরায় বিনিয়োগ করা হয়। অর্থাৎ আসল ও সুদ যোগ করে পুরোটার উপর আবার সুদ পাওয়া যায়।



এবং দীর্ঘ মেয়াদে সরল সুদের তুলনায় চক্র বৃদ্ধি হারে প্রাপ্তির (রিটার্নের) পরিমাণ অনেক বেশী হয়!

উদাহরণ:

বছর 1	
আসল	₹10,000
সুদ @10% (বার্ষিক চক্রবৃদ্ধি)	₹1,000
বর্ষ 1 এর শেষে সুদ আসল	₹11,000
বছর 2	
11,000 টাকার উপর 10% বার্ষিক চক্রবৃদ্ধি হারে সুদ (আসল 10,000 টাকা সুদ 1,000 টাকা)	₹1,100
বর্ষ 2 এর শেষে সুদ আসল	₹12,100
বছর 3	
12,100 টাকা উপর 10% বার্ষিক চক্রবৃদ্ধি হারে সুদ (বর্ষ 2 এর শেষে সুদ আসল এর উপর)	₹1,210
বর্ষ 3 এর শেষে সুদ আসল	₹13,310

চক্রবৃদ্ধি হিসাবের সূত্র

$$A = P \times \left(1 + \frac{r}{n} \right)^{n \times t}$$

A= মেয়াদ শেষে মূল্য, P= আসল, r = সুদের হার, n= বর্ষ হিসাবে মোট সংখ্যা
t = বর্ষ হিসাবে মোট মেয়াদ



চক্রবৃদ্ধির শক্তি

10% এর সরল সুদের হারে ₹10,000 টাকা 10 বছরের জন্য বিনিয়োগ করলে * সুদে আসলে মোট ₹20,000 হয়ে যাবে।

কিন্তু ত্রৈমাসিক 10% চক্রবৃদ্ধি সুদের হারে, এটি হয়ে যাবে

$$₹26,851 [= 10000 * (1 + ((10/100)/4))^{4*10}]$$

$$= 10000 * 2.6851$$

$$= 26,851]$$


অতএব, চক্রবৃদ্ধির হার থেকে 6,851, বা 34% বেশি আয় হয়



মনে রাখবেন

দীর্ঘমেয়াদে, অর্থ বিনিয়োগ থাকতে দেওয়া হলে চক্রবৃদ্ধি থেকে বিশাল সুবিধা পাওয়া যেতে পারে!

সরল সুদ বনাম চক্রবৃদ্ধি সুদ *10,000-এ 32 বছরের জন্য প্রতি বছর 9% হারে বিনিয়োগ



বার্তা ৪

মুদ্রাস্ফীতি



2023

ধরা যাক 100 টাকায়
আপনি 1 কেজি আম
পান



2024

এখন সেই একই 1
কিলো আমের দাম 110
টাকা

1 বছরে মুদ্রাস্ফীতি

$$= 110 - ₹100 = ₹10$$

$$\text{অথবা } (10/100) * 100 = 10\%$$



অতএব, সময়ের সাথে জিনিসপত্রের এবং
পরিষেবাগুলির মূল্যবৃদ্ধির হারই হল মুদ্রাস্ফীতি।
এর ফলে জীবন নির্বাহের খরচ বেড়ে যায়।

নিম্নলিখিত দুটি পরিস্থিতি বিবেচনা করে দেখা যাক

পরিস্থিতি 1

ধরা যাক 6% বার্ষিক সুদের হারে টাকা
জমা করা হচ্ছে
প্রাপ্তি (রিটার্ন)- 6%
মুদ্রাস্ফীতি- 4%
প্রাপ্তির প্রকৃত হার:

প্রাপ্তির হার মুদ্রাস্ফীতির হার

$$6\% - 4\% = 2\%$$

অর্থাৎ **ধনাত্মক (পজিটিভ)** রিটার্ন।

পরিস্থিতি 2

টাকা জমা না করে নগদ ফেলে রেখে
দেওয়া হল প্রাপ্তি (রিটার্ন)- 0%
মুদ্রাস্ফীতি - 4%
প্রাপ্তির প্রকৃত হারঃ
প্রাপ্তির হার - মুদ্রাস্ফীতির হার

$$0\% - 4\% = -4\% \text{ অর্থাৎ}$$

ঋণাত্মক (নেগেটিভ) রিটার্ন।

নগদ হিসাবে ফেলে রাখা টাকা 4% মূল্য
হারালো, যেহেতু মুদ্রাস্ফীতির হার ছিলো 4%

উপরোক্ত থেকে, আপনি বুঝতে পারবেন যে সঠিক আর্থিক
পণ্যগুলিতে বিনিয়োগ করা কতটা গুরুত্বপূর্ণ যা মূল্যস্ফীতির
চেয়ে কমপক্ষে বেশি রিটার্ন দেয়!

বার্তা ৭

টাকার সময় মূল্য

সুদের হার ধনাত্মক (পজিটিভ) হলে, বর্তমানে হাতে থাকা কোনও নির্দিষ্ট পরিমাণ টাকার মূল্য এই টাকার সম্ভাব্য উপার্জন ক্ষমতার দরুন ভবিষ্যতে হাতে থাকা ওই সমপরিমাণ টাকার থেকে বেশি হয়, একেই টাকার সময়-মূল্য বলে। আজকের 100 টাকা, আগামী ২ বছর পর প্রাপ্ত 100 টাকার সমান নাও হতে পারে।



10% সুদের হার/ছাড়ের হার অনুমান করে নিম্নলিখিত পরিস্থিতিগুলি বিবেচনা করে দেখা যাক

বার্ষিক 10% চক্রবদ্ধি সুদের হার ধরলে, 100 টাকা বিনিয়োগে 2 বছর দাঁড়াতে 121 টাকা। এটাকেই বলে বর্তমান নগদের ভবিষ্যৎ মূল্য বা ফিউচার ভ্যালু।

উল্টোদিকে, ওই একই সুদের হারে আজকের পাওয়া 100 টাকা 2 বছর পর পাওয়া 121 টাকার সমান। একেই বলে ভবিষ্যৎ নগদের **বর্তমান মূল্য বা প্রেজেন্ট ভ্যালু**। 2 বছর পর প্রাপ্য 121 টাকার বর্তমান মূল্য 100 টাকা।

অর্থাৎ আমরা দেখলাম টাকার একটা সময় মূল্য আছে।



মনে রাখবেন

টাকা যদি বুদ্ধিমত্তার সাথে বিনিয়োগ না করা হয় তবে তা মুদ্রাস্ফীতির কারণে মূল্য হারাতে পারে। যদি 100 টাকা বিনিয়োগে প্রাপ্তি হয় 5% এবং মুদ্রাস্ফীতির হার 7%, সেক্ষেত্রে প্রকৃত প্রাপ্তি হল (-2%)। অর্থাৎ টাকার মূল্য 2 টাকা কমে গেল।

তাই, মুদ্রাস্ফীতি ও অন্যান্য কারণের জন্য হওয়া লোকসান পূরণের জন্যই আর্থিক প্রতিষ্ঠানগুলি আপনার জমানো টাকার ওপর সুদ প্রদান করে এবং আপনি ঋণ নিলে তার ওপর সুদ নিয়ে থাকে। সুতরাং টাকা জমানো এবং তা উপযুক্ত আর্থিক পণ্যে বিনিয়োগ করা প্রয়োজনীয় যাতে প্রাপ্তির হার মুদ্রাস্ফীতির হারের থেকে বেশি থাকে এবং টাকার ভবিষ্যৎ মূল্য বজায় থাকে।




বার্তা 10 { ঝুঁকি বনাম প্রাপ্তি (রিটার্ন) }

প্রত্যেক বিনিয়োগের কিছু নির্দিষ্ট ঝুঁকি আছে।

সাধারণত, ঝুঁকির সঙ্গে প্রাপ্তির এক সরাসরি সম্পর্ক দেখতে পাওয়া যায়, যত বেশি প্রত্যাশিত প্রাপ্তি, ঝুঁকি তত বেশি। (এমনকি শুরুতে বিনিয়োগ করা আসল টাকাটাও হারানোর সম্ভাবনা থাকে)

এবং যত কম প্রাপ্তি, ঝুঁকি তত কম।



আর্থিক ক্ষেত্রে সঞ্চয় বা বিনিয়োগের সময় প্রাপ্তি (রিটার্ন) বনাম ঝুঁকির ভারসাম্য বজায়ের প্রাথমিক নীতি অবশ্যই মনে রাখতে হবে। অত্যধিক প্রাপ্তির আশায় অত্যধিক ঝুঁকি নিলে ক্ষতির সম্ভাবনা থেকে যায়।



নিজের টাকা ভেবে চিন্তে বিনিয়োগ করুন!

সাবধান। বেশি আর দ্রুত প্রাপ্তির যোজনাগুলো ঝুঁকিপূর্ণ হতে পারে। ঝুঁকির বিষয়ে ভালো করে না বুঝে প্রাপ্তির পিছনে দৌড়াবেন না।

যেকোনও সংস্থার যোজনায় বিনিয়োগের আগে তার ইতিহাস ও দক্ষতা পুঙ্খানুপুঙ্খভাবে অবশ্যই জেনে নিন। শর্তাবলী (Terms & Conditions) নিখুঁত ভাবে পড়ে নিন।

অজানা সংস্থার অত্যন্ত চমকপ্রদ স্কিমে প্রলুব্ধ হয়ে ঠকে না যেতে যোজনা সঞ্চয়ে যথেষ্ট পড়াশোনা করে নিজের বুদ্ধি বিবেচনা দিয়ে বিচার করে তবেই বিনিয়োগ করুন!!!


কোনও স্কিমের অধীনে সংগৃহীত আমানত বা অর্থ ফেরত দিতে ব্যর্থ হয়েছে এমন কোনও সংস্থার সম্পর্কে তথ্য দিতে বা নিজের অভিযোগ নথিভুক্ত করতে আপনি www.sachet.rbi.org.in-এ যান।

আরবিআই বলছে এবং আরবিআইএসওয়াই

আর্থিক সাক্ষরতা এবং গ্রাহক সুরক্ষা বার্তা সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত করার জন্য RBI একটি গণমাধ্যম জনসচেতনতা প্রচার (এসএমএস, ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়া, ফেসবুক এবং টুইটার) চালু করেছে।



এসএমএস প্রচারের জন্য, আর বি আই বলছে এবং আর বি আই এস এ ওয়াই 'RBISAY' ID থেকে বার্তা পাঠানো হয়। বিশদে জানতে 14440 তে ফোন করুন



কথায় আছে

সব ডিম একই
ঝুড়িতে রাখতে নেই

আপনার টাকা বিভিন্ন ধরনের সম্পদে বিনিয়োগ করার পদ্ধতিকে বিবিধকরণ (ডাইভারসিফিকেশন) বলে।

= বিনিয়োগ



বিবিধকরণ কেন জরুরি

বিভিন্ন সম্পদে বিনিয়োগ করে বিবিধকরণ করার কারণটি হলো কোনও এক বা একাধিক সম্পদের মূল্য কমানোর দরুন সম্ভাব্য ক্ষতির হাত থেকে নিজেস্বের রক্ষা করা। যেহেতু বিভিন্ন সম্পদের রিটার্ন সাধারণত একসাথে কমে না, তাই যদি একটি সম্পদের মূল্য কমে যায় তার দরুন ক্ষতি অন্য কোনও সম্পদে পাওয়া বেশি মূল্য থেকে পুষিয়ে যায় এবং নিজের বিনিয়োগকে লোকসানের হাত থেকে সুরক্ষিত রাখা যায়।

ডিজিটাল আর্থিক সাক্ষরতা



বার্তা 12

খুচরো পর্যায়ের অর্থ স্থানান্তর পরিষেবা

ব্যাঙ্ক দ্বারা প্রদত্ত সর্বাধিক জনপ্রিয় খুচরো অর্থ স্থানান্তর করার প্রক্রিয়াগুলি হলো এন ই এফ টি, আর টি জি এস এবং আই এম পি এস। এই পরিষেবা ব্যাঙ্ক শাখা বা আপনার ব্যাঙ্কের দ্বারা প্রদত্ত অনলাইন প্রণালী যেমন ইন্টারনেট ব্যাঙ্কিং, মোবাইল ব্যাঙ্কিং ইত্যাদি দ্বারাও গ্রহণ করা যায়।

এই লেখচিত্রের মাধ্যমে তিনটি প্রক্রিয়ার বর্ণনা দেওয়া হলো:

বৈশিষ্ট্য	এন ই এফ টি	আর টি জি এস	আই এম পি এস
স্থানান্তর করতে সময় লাগে 	এক ঘণ্টার মধ্যে	তৎক্ষণাৎ	তৎক্ষণাৎ
গ্রাহক লেনদেনের জন্য কাজের সময় 	24x7-সারাদিন ধরে এমনকী সপ্তাহান্তে ও ব্যাঙ্কের ছুটির দিনগুলিতেও	24x7- এমনকি সপ্তাহান্তে এবং ব্যাঙ্ক ছুটির দিনেও চব্বিশ ঘণ্টা	24x7- সারাদিন ধরে এমনকী সপ্তাহান্তে ও ব্যাঙ্কের ছুটির দিনগুলিতেও
ন্যূনতম টাকার পরিমাণ 	কোনো ন্যূনতম পরিমাণ নেই	2 লাখ	কোনো ন্যূনতম পরিমাণ নেই
সর্বাধিক পরিমাণ টাকা যা পাঠানো যেতে পারে 	যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ	5 লাখ

বার্তা 13

ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস (ইউ পি আই)

ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস (ইউ পি আই) হলো অর্থ স্থানান্তরের এমন একটি মাধ্যম যার দ্বারা আপনি ইন্টারনেট পরিষেবা যুক্ত যেকোনও স্মার্ট ফোন ব্যবহার করে দুটি ব্যাঙ্ক খাতার (অ্যাকাউন্টের) মধ্যে অর্থস্থানান্তর করতে পারেন। এর জন্য আপনি ভীম অ্যাপ বা ব্যাঙ্কের ইউ পি আই অ্যাপ বা তৃতীয় কোনও সংস্থার অন্য যেকোন ইউ পি আই অ্যাপ ব্যবহার করতে পারেন।



ইউ পি আই কীভাবে কাজ করে

প্রয়োজনীয় উপকরণ:

একটা ব্যাঙ্ক খাতা, একটা মোবাইল নম্বর যা ওই ব্যাঙ্ক খাতার সঙ্গে সংযুক্ত, আর ইন্টারনেট পরিষেবা যুক্ত একটা স্মার্ট ফোন। ফিচার ফোন ব্যবহারকারীদের জন্য ইউপিআই 123 পে চালু করা হয়েছে চারটি বিকল্পের সাথে, যথা অ্যাপ ভিত্তিক কার্যকারিতা, মিসড কল, আইভিআর এবং প্রক্সিমিটি সাউন্ড ভিত্তিক পেমেন্ট। আপনার ব্যাঙ্ক খাতার সঙ্গে সংযুক্ত ডেবিট কার্ড মোবাইল ফোনে ইউপিআই শুরু করার জন্য একবার জরুরী। ইউপিআই কে রূপে (RUPAY) ক্রেডিট কার্ডের সাথেও লিংক করা যেতে পারে।

ইউ পি আই চালু করার পদ্ধতি

- প্রথমে আপনার স্মার্ট ফোনে অ্যাপটি ডাউনলোড করুন ও অ্যাপে দেওয়া নির্দেশাবলী অনুসরণ করে আপনার ব্যাঙ্কের খাতা সংযুক্ত করুন এবং ইউ পি আই পিন তৈরি করুন।
- ভার্চুয়াল ঠিকানা জানা থাকলেই আপনার ইউ পি আই পিন ব্যবহার করে কোনও ব্যক্তির সঞ্চয় খাতায় নির্বিল্পে টাকা পাঠানো যায়।
- যদি ওই ব্যক্তির কোনও ভার্চুয়াল ঠিকানা না থাকে তবে আই এফ এস সি কোড ও ব্যাঙ্ক খাতা নম্বর ব্যবহার করেও টাকা পাঠানো সম্ভব।

ইউ পি আই এর বিশেষ সুবিধা

- টাকা লেনদেন তৎক্ষণাৎ সম্পন্ন হয়ে যায়
- সারা বছর, যেকোনো দিন, যেকোনো সময় (24x7x365) এমনকী ছুটির দিনে এবং রবিবারেও স্মার্টফোন ব্যবহার করে টাকা পাঠানো যায়
- ব্যাঙ্ক খাতার সংবেদনশীল তথ্য কাউকে না জানিয়ে, ভার্চুয়াল ঠিকানা ব্যবহার করে সহজেই। টাকা লেনদেন করা যায়

ইউ পি আই এর ব্যবহারের ক্ষেত্রে **কি করা উচিত এবং কি করা উচিত নয়**

✓ কি করা উচিত

- সবসময় ইউ পি আই অ্যাপ আপডেট করে রাখুন
- কোনো ব্যক্তি বা ব্যবসায়ী (মার্চেন্ট) থেকে টাকা প্রাপ্তির অনুরোধ গ্রহণ করার আগে তা যাচাই করুন
- টাকা পাঠানোর আগে আরও একবার টাকার পরিমাণ ও গ্রহণকারীর নাম মিলিয়ে নিন

✗ কি করবেন না

- ইউ পি আই পিন কখনই কাউকে জানাবেন না
- ভালো করে গ্রহীতার নাম যাচাই না করে টাকা পাঠাবেন না

বাতা 14

বৈদ্যুতিন মাধ্যমে ব্যাঙ্কিং লেনদেনের ক্ষেত্রে উচিত ও অনুচিত কার্যাবলী

অনলাইন এবং
মোবাইল ব্যাঙ্কিং

কি করা উচিত

- আর্থিক লেনদেনের জন্য কেবলমাত্র যাচাই করা সুরক্ষিত ব্রাউসারে সর্বদা আপনার ব্যাঙ্কের ইউ আর এল এবং এইচ টি টি পি এস সংযুক্ত ওয়েবসাইট ব্যবহার করুন (এস অর্থাৎ সুরক্ষিত)। দেখে নিন ইউ আর এল এর পাশে সুরক্ষা চিহ্ন (তালার ছবি) আছে কিনা
- বর্ণ, সংখ্যা ও বিশেষ চিহ্ন (#, *, ,, 5 ইত্যাদি) মিলিয়ে মিশিয়ে এমনভাবে পাসওয়ার্ড তৈরী করুন যা সহজে অনুমান করা যায় না
- মাঝে মাঝেই পাসওয়ার্ড পরিবর্তন করে নিন
- আর্থিক লেনদেন সংক্রান্ত অ্যাপ (ব্যাঙ্ক, অন্য আর্থিক সংস্থা বা ওয়ালেট) সর্বদা সাম্প্রতিকতম সংস্করণে আপডেট করে রাখুন
- নিজের ব্যাঙ্ক খাতার (অ্যাকাউন্টের) সঙ্গে মোবাইল নম্বর ও ই-মেল আইডি সংযুক্ত করিয়ে রাখুন এবং এস এম এস অ্যালার্ট ও ইমেল অ্যালার্ট পরিষেবা নিয়ে রাখুন
- কোনও অস্বাভাবিক বা সন্দেহজনক লেনদেন লক্ষ্য করলেই দেরি না করে সঙ্গে সঙ্গে ব্যাঙ্ক-এ জানান

কি করবেন না

- অনলাইন সার্চ ইঞ্জিনের মাধ্যমে কখনো ব্যাঙ্কের ওয়েবসাইট ব্যবহার করবেন না
- নিজের লগ ইন তথ্য ফোনে রাখবেন না, এছাড়া যাচাই না করা পোর্টালে বা পরিষেবা প্রদানকারী ওয়েবসাইটে, লগ ইন তথ্য দেবেন না/দিয়ে রাখবেন না
- সাইবার কাফে, কোনও ফ্রী পাবলিক পরিষেবা (যেমন ফ্রী ওয়াই ফাই) বা পাবলিক ডিভাইসের মাধ্যমে লেনদেন করা এড়িয়ে চলুন
- নিজের মোবাইল ব্যাঙ্কিং পিন, ইন্টারনেট ব্যাঙ্কিং আইডি, পাসওয়ার্ড এবং একবারের জন্য ব্যবহারযোগ্য পাসওয়ার্ড (ও টি পি) কখনো কোনও ব্যক্তি বা সংস্থাকে এমনকী ব্যাঙ্ক কর্মীকেও বলবেন না

বার্তা 15

এটিএম এর মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে উচিত ও অনুচিত কার্যাবলী

যদি আপনার কার্ড হারিয়ে গিয়ে থাকে বা চুরি হয়ে যায় বা আপনার সন্দেহ হয় আপনার কার্ডের তথ্য অন্য কেউ জেনে ফেলেছে, তবে তৎক্ষণাৎ আপনার কার্ড নিষ্ক্রিয় (ব্লক) করার জন্য আপনার ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করুন



এ টি এম লেনদেনের উচিত ও অনুচিত

কি করবেন

- ম্যাগনেটিক স্ট্রিপ দেওয়া কার্ডের বদলে ই এম ভি চিপ লাগানো এবং পিন যুক্ত ডেবিট কার্ড ব্যবহার করুন (ম্যাগনেটিক স্ট্রিপ দেওয়া কার্ড বদলানোর জন্য ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করুন)
- এ টি এম কার্ড ব্যবহার ও পিন দেওয়ার সময় সুনিশ্চিত করুন যে এ টি এমের আশেপাশে কোনো অননুমোদিত ক্যামেরা বা অন্য স্কিমিং ডিভাইস নেই
- এটিএম-এ পিন দেওয়ার সময় কেউ যেন দেখতে না পায় তা নিশ্চিত করুন। আপনার পিন কী-ইন করার জন্য এক হাতে কীপ্যাড ঢেকে রাখা এবং অন্য হাতটি ব্যবহার করা একটি ভাল অভ্যাস
- টাকা বেরোনের পর তা অবশ্যই গুনে নিন ও যাচাই করে নিন
- লেনদেন হয়ে যাওয়ার পর আপনার কার্ডটি নিতে ভুলবেন না
- ব্যাঙ্কের সঙ্গে মোবাইল নম্বর অবশ্যই সংযুক্ত করিয়ে রাখুন যাতে এ টি এমে লেনদেন হলে তার অ্যালার্ট আপনি সঙ্গে সঙ্গে পেয়ে যান
- যদি আপনার কার্ড হারিয়ে গিয়ে থাকে বা চুরি হয়ে যায় বা আপনার সন্দেহ হয় আপনার কার্ডের তথ্য অন্য কেউ জেনে ফেলেছে, তবে তৎক্ষণাৎ আপনার কার্ড নিষ্ক্রিয় (ব্লক) করার জন্য আপনার ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করুন

দ্রষ্টব্য:

এ টি এমে অসফল লেনদেনের জন্য আপনার কোনো অভিযোগ থাকলে তৎক্ষণাৎ কার্ড প্রদানকারী ব্যাঙ্কে যোগাযোগ করুন। এ টি এমে অসফল লেনদেনের পরের 5 দিনের মধ্যে ব্যাঙ্ককে তার সমাধান করতে হবে। নতুবা প্রতিদিন 100 টাকা হিসাবে ব্যাঙ্ক আপনাকে ক্ষতিপূরণ দিতে বাধ্য

X

কি করবেন না

- আপনার এটিএম কার্ডের বিশদ বিবরণ (কার্ড নম্বর, মেয়াদ শেষ হওয়ার তারিখ এবং সিভিভি ইত্যাদি) এবং পিন কারো সাথে শেয়ার করবেন না
- কার্ডটি কখনই এটিএমে রেখে যাবেন না
- আপনার ওটিপি কখনো কারো সাথে শেয়ার করবেন না
- কার্ডে কখনই আপনার পিন লিখে রাখবেন না

বার্তা 16

বৈদ্যুতিন মাধ্যমে লেনদেনের সময় জালিয়াতি হলে গ্রাহকের দায়বদ্ধতা

বৈদ্যুতিন মাধ্যমে বা এ টি এমে লেনদেনের সময় অসতর্ক হলে বা জালিয়াতির ফলে ক্ষতির সম্ভাবনা থাকে

আপনার ব্যাঙ্ককে জানান

- যদি আপনার ব্যাঙ্কের খাতায় (অ্যাকাউন্টে)/কার্ডে কোনো রকম জাল বা অননুমোদিত বৈদ্যুতিন ব্যাঙ্কিং লেনদেন লক্ষ্য করেন তাহলে কার ভুল সে সব না ভেবে আপনি তৎক্ষণাৎ তা ব্যাঙ্কে জানান
- আপনি জানাতে যত বেশি সময় নেবেন আপনার এবং আপনার ব্যাঙ্কের ক্ষতির পরিমাণ ততই বেশি হবে

ব্যাঙ্কের দায়িত্ব

আপনি ব্যাঙ্কে জানানোর পরেও যদি জাল লেনদেন চলতে থাকে তবে সেই ক্ষতির দায় ব্যাঙ্ককে বহন করতে হবে

- আপনি ব্যাঙ্কে অভিযোগ জানালে ব্যাঙ্ককে অভিযোগের প্রাপ্তিস্বীকার করতে হবে
- 90 দিনের মধ্যে ব্যাঙ্ককে সেই অভিযোগের নিষ্পত্তি করতে হবে
- গ্রাহকের অভিযোগের 10 কার্যদিবসের মধ্যে ব্যাঙ্ককে গ্রাহকের খাতায় (অ্যাকাউন্টে) অভিযোগের সংশ্লিষ্ট টাকা (ছায়া) জমা করে দিতে হবে

সীমিত দায়বদ্ধতা

- যদি ক্ষতি গ্রাহকের নিজস্ব অসাবধানতার কারণে (যেমন নিজের পাসওয়ার্ড অন্যকে বলে দেওয়া ইত্যাদি) হয়, তবে ব্যাঙ্কে অভিযোগ জানানোর আগে অবধি সে ক্ষতির দায় গ্রাহকের
- যদি সিস্টেমের কোনো ঘাটতির কারণে তৃতীয় পক্ষের অনুপ্রবেশ ঘটে, সেখানে ঘাটটির দায় গ্রাহক বা ব্যাঙ্ক কারোর ওপরেই বর্তায় না এবং গ্রাহক যদি তৎক্ষণাৎ বিষয়টি ব্যাঙ্কের গোচরে আনেন (অননুমোদিত লেনদেনের 3 কার্য দিবসের মধ্যে) তবে এক্ষেত্রে গ্রাহকের কোনো দায়বদ্ধতা থাকে না
- যদি গ্রাহকের কোন অসাবধানতা না থাকে এবং গ্রাহক যদি তৎক্ষণাৎ বিষয়টি ব্যাঙ্কের গোচরে আনেন (অননুমোদিত লেনদেনের 3 কার্যদিবসের মধ্যে) তবে এক্ষেত্রে গ্রাহকের কোন দায়বদ্ধতা থাকে না।
- যদি ব্যাঙ্কের কোনরকম অসাবধানতা/ঘাটতি থাকে (গ্রাহক দ্বারা এই লেনদেনের সূচনা দেয়া হোক বা না হোক), এক্ষেত্রে গ্রাহকের কোন দায়বদ্ধতা থাকে না।

আর্থিক সচেতনতা বার্তা (ফেম)

যদি কোনো পদ্ধতিগত কারণে এই অননুমোদিত বৈদ্যুতিন ব্যাঙ্কিং লেনদেন ঘটে যেখানে তার দায় ব্যাঙ্ক বা গ্রাহক কারোর ওপরেই বর্তায় না এবং দেরি (ব্যাঙ্কের কাছ থেকে বার্তা পাওয়ার 4 থেকে 7 কার্যদিবস) যদি গ্রাহকের তরফ থেকে হয়ে থাকে তাহলে গ্রাহকের প্রত্যেক লেনদেনের দায় হবে লেনদেন মূলা বা নিচে দেওয়া রাশি, দুটোর মধ্যে যেটা তুলনামূলক কম সেটা।

খাতার (অ্যাকাউন্টের) প্রকার	সর্বাধিক দায় (টাকা)
● বি এস বি ডি খাতা (অ্যাকাউন্ট)	₹5000/-
● অন্যান্য সমস্ত জমা খাতা সেভিংস (অ্যাকাউন্ট)	₹10000/-
● প্রি-পেইড পেমেন্ট ইন্সট্রুমেন্ট এবং গিফট কার্ড	
● এম এস এম ইর (MSME) সংস্থার চালু খাতা (কারেন্ট অ্যাকাউন্ট) / ক্যাশ ক্রেডিট/ওভারড্রাফট অ্যাকাউন্ট	
● ব্যক্তিগত চালু খাতা (কারেন্ট অ্যাকাউন্ট)/ক্যাশ ক্রেডিট/ওভারড্রাফট খাতা (অ্যাকাউন্ট)	
● 5 লাখ টাকা পর্যন্ত সীমার ক্রেডিট কার্ড	
● বাকি আর সমস্ত ধরনের কারেন্ট/ক্যাশ ক্রেডিট/ওভারড্রাফট	₹25000/-
● 5 লাখ টাকার বেশি সীমার ক্রেডিট কার্ড	



সাবধান!

যদি জালিয়াতি আপনার দোষে হয়, যেমন নিজের পাসওয়ার্ড, পিন একবারের জন্য ব্যবহারযোগ্য পাসওয়ার্ড (ও টি পি) ইত্যাদি অন্যকে জানিয়ে দেবার জন্য, তবে ব্যাঙ্কে অভিযোগ দায়ের করার আগের মুহূর্ত অবধি সমস্ত ক্ষতির দায় আপনার নিজের।




মনে রাখবেন

আপনার ব্যাঙ্কের যোগাযোগ তথ্য সব সময় হাতের কাছেই রাখুন, যাতে জাল লেনদেন হলে তা, তৎক্ষণাৎ ব্যাঙ্ককে জানাতে পারেন।

গ্রাহক সুরক্ষা





মনে রাখবেন

- সঞ্চয়ের সঙ্গে বীমাকে সংযুক্ত না করাই ভালো। আপনার বীমা এবং বিনিয়োগের প্রয়োজনীয়তা আলাদা ভাবে বিচার করুন
- কেবল আপনার প্রয়োজন মতোই বীমা বা বিনিয়োগ করুন। ব্যাঙ্ক আপনাকে কোনোটাই নিতে জোর করতে পারে না
- যেকোনও আবেদন পত্রে সই করার আগে ভালো করে পড়ে নিন। ফাঁকা ফর্মে কখনই সই করবেন না
- যদি ব্যাঙ্ক আপনাকে এমন কিছু পণ্য বিক্রি করে থাকে যা আপনি নিতে চাননি বা তার গুরুত্বপূর্ণ শর্তাবলী আপনাকে সঠিক ভাবে বোঝানো হয়নি, সে ক্ষেত্রে আপনি ব্যাঙ্কের কাছে অভিযোগ দায়ের করতে দ্বিধা করবেন না এবং যদি আপনি ব্যাঙ্কের জবাবে সন্তুষ্ট না হন সেক্ষেত্রে আপনি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের লোকপালের (Ombudsman) কাছে লিখিতভাবে বা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক পরিচালিত অভিযোগ পরিচালন ব্যবস্থার (কমপ্লেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম) দ্বারা অভিযোগ জানাতে পারেন (21,22 নম্বর বার্তা দেখুন)
- ব্যাঙ্কের প্রতিটি শাখায় লোকপালের (Ombudsman) বিস্তারিত বিবরণ প্রদর্শিত রাখতে হবে।



আসুন, আসুন!
120% প্রাপ্তি (রিটার্ন)
নিশ্চিত। সম্পূর্ণ
বিনা ঝুঁকিতে।



সন্দেহজনক আর্থিক পণ্য

আপনার কষ্টার্জিত টাকা আপনি
সেলসম্যানের হাতে তুলে দিচ্ছেন এবং
সে সেই টাকা নিয়ে পালিয়ে গেল!!



রিটার্ন তো পেলেনই না,
আসলটাও গেল!



তাহলে আপনি কী করতে পারেন?



- আর বি আই (RBI), সেবি (SEBI), আই আর ডি এ আই (IRDAI), পি এফ আর ডি এ (PFRDA) অথবা সরকার দ্বারা পঞ্জীকৃত বা নিয়ন্ত্রিত সংস্থাতেই টাকা সঞ্চয় বা বিনিয়োগ করুন
- খুব বেশি প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া যোজনায় প্রলোভনের ফাঁদে পা দেবেন না; এটি একটি জালিয়াতি হতে পারে
- ব্যাঙ্কের চেয়ে কম সুদ নিচ্ছে এমন সংস্থার থেকে ঋন নেবেন না। এরা প্রসেসিং ফী হাতিয়ে নিয়ে উধাও হয়ে যেতে পারে!

কোন সংস্থা জমা টাকা বা কোনো যোজনাতে তোলা টাকা ফেরত দিতে
অসমর্থ হলে সেই সংস্থার বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে বা তথ্য দিতে
www.sachet.rbi.org.in এই ওয়েবসাইটে যান

বার্তা 19 {এতো ভালো কি বিশ্বাসযোগ্য?}

কথায় আছে

বিনামূল্যে এ পৃথিবীতে কিছুই পাওয়া যায় না। যদি কেউ আপনাকে নিজের টাকা দিতে প্রতিশ্রুতি দেয় বা বলে আপনি লটারী জিতেছেন, যে লটারীর টিকিটই আপনি কেনেন নি, তবে আপনি থামুন এবং ভেবে দেখুন- এতো ভালো কি বিশ্বাসযোগ্য?



এসবের শিকার হবেন না! মনে রাখবেন:

- আর বি আই বা ব্যাঙ্ক কখনও এস এম এস / ইমেল বা ফোনের মাধ্যমে আপনার ব্যাঙ্ক খাতা/ ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডের তথ্য এবং একবারের জন্য ব্যবহারযোগ্য পাসওয়ার্ড (ও টিপি), পিন ইত্যাদি জানতে চায় না
- আর বি আই কখনও ব্যক্তিগত জমা খাতা (সেভিংস অ্যাকাউন্ট) / চালু খাতা (কারেন্ট অ্যাকাউন্ট) / স্থায়ী আমানত (ফিক্সড ডিপোজিট) খোলেনা বা ক্রেডিট কার্ড / ডেবিট কার্ড দেয় না এবং কোনো ব্যক্তিগত পর্যায়ে লেনদেন করে না

ভুয়ো প্রস্তাব থেকে সাবধান।

নিজের অ্যাকাউন্ট সম্বন্ধিত তথ্য কাউকে দেবেন না।



'আর বি আই একথা বলে' এবং 'RBISAY'

আর বি আই জনসাধারণকে আর্থিক সাক্ষরতা এবং গ্রাহক সুরক্ষা সম্পর্কে শিক্ষিত করার জন্য গণমাধ্যমে (ফেসবুক, টুইটার, এস এম এস, বৈদ্যুতিন মাধ্যম এবং ছাপা মাধ্যমেও) একটি জনসচেতনতা প্রচার চালু করেছে।

এস এম এস-এ প্রচার এর জন্য, আর বি আই এর তরফে 'RBISAY' আই ডি (ID) থেকে এস এম এস পাঠানো হয়। বিশদ বিবরণের জন্য ফোন করুন 14440 এই নম্বরে।

ব্যাক্সে আমানত কি সুরক্ষিত?

হ্যাঁ, বীমাকৃত সীমা পর্যন্ত, আমানত সুরক্ষিত। আপনার আমানতগুলি ডিপোজিট ইন্স্যুরেন্স এবং ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন (DICGC), RBI-এর একটি সম্পূর্ণ মালিকানাধীন সহায়ক সংস্থা দ্বারা বিমাকৃত থাকে।

কোন কোন ব্যাক্স এর অন্তর্ভুক্ত?

বাণিজ্যিক ব্যাক্স যেমন. বেসরকারি ব্যাক্স, সরকারি ব্যাক্স, ভারতে উপস্থিত বিদেশী ব্যাক্স, লোকাল এরিয়া ব্যাক্স, স্মল ফাইন্যান্স ব্যাক্স, পেমেন্টস ব্যাক্স, আঞ্চলিক গ্রামীণ ব্যাক্স এবং সমবায় ব্যাক্স যেমন, রাজ্য সমবায় ব্যাক্স, জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাক্স এবং আরবান কো-অপারেটিভ ব্যাক্সগুলি, যেগুলি ডিআইসিজিসির সাথে নিবন্ধিত রয়েছে সেগুলি বিমাকৃত হয়েছে ভারতীয় রিজার্ভ ব্যাক্স দ্বারা লাইসেন্সপ্রাপ্ত সমস্ত ব্যাক্সের জন্য আমানত বীমা বাধ্যতামূলক।

কোন আমানত অন্তর্ভুক্ত করা হয়?

সমস্ত ধরনের আমানত (যেমন, সঞ্চয়, স্থায়ী, আবৃত্ত, ইত্যাদি) বিমাকৃত থাকে, কিন্তু বিদেশী সরকার, কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার,

বা অন্য ব্যাক্স বা ভারতের বাইরে প্রাপ্ত আমানত অন্তর্ভুক্ত থাকে না। একটি ব্যাক্সে প্রতিটি আমানতকারীকে "একই অধিকার এবং একই ক্ষমতা" তে তার কাছে থাকা মূল এবং সুদের পরিমাণ উভয়ের জন্য সর্বোচ্চ 5 লাখ পর্যন্ত বীমা করা হয়।

এই বীমার জন্য আমাকে কি প্রিমিয়াম দিতে হবে?

আপনাকে কোনো প্রিমিয়াম দিতে হবে না। তবে, ডিআইসিজিসি ব্যাক্স থেকে নামমাত্র প্রিমিয়াম নেয়। অন্যান্য ব্যাক্স ফির মতন, এই প্রিমিয়াম আপনাকে চার্জ করা হয় না।



আমাকে কি করতে হবে?

- একটি ব্যাঙ্কের আমানতকারী হিসাবে, আপনি যাচাই করতে পারেন যে আপনার ব্যাঙ্ক ডিআইসিজিসি দ্বারা বিমাকৃত ব্যাঙ্কের তালিকায় অন্তর্ভুক্ত কিনা।
- আপনাকে অবশ্যই অ্যাকাউন্ট খোলার জন্য সমস্ত KYC প্রয়োজনীয়তা মেনে চলতে হবে এবং আমানত গ্রহণকারী ব্যাঙ্ককে সম্পূর্ণ তথ্য প্রদান করতে হবে যাতে প্রয়োজন পড়লে ডিআইসি জিসির কাছে অনতিবিলম্বে দাবির নিষ্পত্তি হয়।

আমার আমানতের কি হবে যদি ব্যাঙ্কটিকে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক লিকুইডেটেড করে?

যদি ব্যাঙ্কের লিকুইডেশন করা হয় ডিআইজিসি প্রত্যেক আমানতকারীকে তার আমানতে জমা রাশি (একই ক্ষমতায় এবং একই অধিকার) যেটি তার ব্যাঙ্ক লিকুইডেশনের তারিখ অবধি জমা ছিল সেই রাশি ফেরত দিতে দায়বদ্ধ (সর্বাধিক পাঁচ লাখ টাকা অবধি)

আমার আমানতের কি হবে যদি আমার ব্যাঙ্ককে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক অল ইনক্লুসিভ ডিরেকশন(এল আই ডি) এর অধীনে রাখে?

একবার একটি বিমাকৃত ব্যাঙ্ককে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা "অল ইনক্লুসিভ ডিরেকশনস" (এআইডি) এর অধীনে (আমানতলার উপর বিধি নিষেধ সহ) রাখা হলে, ডিআইসিজিসি প্রতিটি আমানতকারীকে তার অ্যাকাউন্ট মোট জমা রাশি যেটি ব্যাঙ্ককে নির্দেশ/নিষেধ জারি করার তারিখ অবধি ছিল, তা (একই ক্ষমতায় এবং একই অধিকারে) সর্বাধিক 5 লাখ টাকা পর্যন্ত ফেরত দিতে দায়বদ্ধ।

এই ধরনের ব্যাঙ্কগুলির আমানতকারীদের সংশ্লিষ্ট ব্যাঙ্কের আধিকারিকদের সাথে যোগাযোগ করে তাদের সম্মতি সূচক ফর্ম এবং বিকল্প ব্যাঙ্কের বিবরণ সহ অন্যান্য প্রয়োজনীয় নথি জমা করার পরামর্শ দেওয়া হচ্ছে যাতে সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলি ডিআইসি জিসিতে আমানতকারীদের দাবির তালিকা, ডি আই সি জি সি কর্তৃক দেওয়া শেষ তারিখের আগে জমা দিতে সক্ষম হয় যাতে ডি আই সি জি সি আইন 1961(সংশোধিত হিসেবে) এর ধারা 18A কর্তৃক আরোপিত দায়বদ্ধতা ডিসচার্জ করা যায়।



আমি কিভাবে আমার দাবির অবস্থা সম্বন্ধে তথ্য জানব?

লিকুইডেটেড ব্যাঙ্ক এবং AID ব্যাঙ্কগুলির আমানতকারীরা দাবি নিষ্পত্তির প্রতিটি পর্যায়ে অর্থাৎ দাবি প্রাপ্তি এবং দাবি অনুমোদনের সময় একটি এসএমএস ইনটিমেশন পাবেন।

DICGC কি কোন সোশ্যাল মিডিয়াতে সক্রিয়?

জনগণের মধ্যে সচেতনতা বিস্তারের জন্য ডিআইসিজিসি জনসচেতনতামূলক বার্তা প্রচার করে এবং AID ব্যাঙ্ক এর আমানতকারীদের অর্থ প্রধান সম্বন্ধীয় তথ্য "পাবলিক অ্যাপ" এ প্রদর্শিত করে।

আরো বিস্তারিত জানার জন্য, DICGC এর ওয়েবসাইটে লগ ইন করুন

www.dicgc.org.in

অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা মানে গ্রাহকদের কাছ থেকে অভিযোগ গ্রহণ এবং নিরসন করার জন্য একটি ব্যবস্থা যাতে এই ধরনের অভিযোগগুলি ন্যায্যভাবে এবং দ্রুত নিষ্পত্তি করা যায়। রিজার্ভ ব্যাঙ্ক তার নিয়ন্ত্রিত সংস্থাগুলির (আরই) দ্বারা প্রদত্ত পরিষেবাগুলির ঘাটতি সম্পর্কিত গ্রাহকের অভিযোগের নিরসনের জন্য একটি দ্রুত এবং নিঃশুল্ক বিকল্প অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাও স্থাপন করেছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের বৈকল্পিক অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা (এ জি আর), আর বি আই লোকপাল, উপভোক্তা শিক্ষা এবং সুরক্ষার সেল (CEPCs) এবং উপভোক্তা শিক্ষা ও সুরক্ষা বিভাগ (CEPD) নিয়ে গঠিত।

আর বি আই লোকপাল RB-IOS, 2021 (Reserve Bank- Integrated Ombudsman Scheme, 2021)

এর কাঠামোর অধীনে কাজ করে এবং RB-IOS, 2021-এর আওতাভুক্ত নিয়ন্ত্রিত সংস্থাগুলির বিরুদ্ধে অভিযোগ গ্রহণ করে। যে নিয়ন্ত্রিত সংস্থাগুলি RB-IOS, 2021 এর অধীনস্থ নয় তাদের বিরুদ্ধে উপভোক্তা শিক্ষা এবং সুরক্ষা সেলগুলি অভিযোগ গ্রহণ করে।

কখন আরবিআই লোকপালের কাছে যেতে হবে?

অভিযোগের প্রতিকারের জন্য, অভিযোগকারীকে প্রথমে সংশ্লিষ্ট নিয়ন্ত্রিত সংস্থা (আর ই) -এর কাছে যেতে হবে। যদি আর ই -এর কাছে দায়ের করা অভিযোগের 30 দিনের মধ্যে নিষ্পত্তি/সদুত্তর না পাওয়া যায়, বা, যদি অভিযোগকারী আর ই দ্বারা প্রদত্ত উত্তরে সন্তুষ্ট না হন, তাহলে অভিযোগকারী লোকপালের কাছে অভিযোগ দায়ের করতে পারেন।

দ্রষ্টব্য: RB-IOS, 2021-এর আওতায় না থাকা আর ই সংক্রান্ত অভিযোগগুলি নিরসনের জন্য আরবিআই -এর সিইপিসি -তে পাঠানো হয়।

বিঃদ্রঃ!

- নিম্নোক্ত সংস্থাগুলিকে অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়ার অধীনে RBI-এর REs হিসাবে বিবেচনা করা হয়: ব্যাঙ্ক
- নন-ব্যাংকিং ফাইন্যান্সিয়াল কোম্পানি (NBFCs)
- পেমেন্ট সিস্টেম অংশগ্রহণকারীদের
- (PSPs)
- ক্রেডিট ইনফরমেশন কোম্পানি (CICs)



মনে রাখিবেন!

- স্কিমে উল্লিখিত সমস্ত প্রয়োজনীয় বিবরণ / তথ্য অভিযোগে থাকতে হবে।
- অভিযোগের সাথে একটি সংযুক্তি থাকা উচিত যে অভিযোগকারী RE এর সাথে যোগাযোগ করেছেন এবং সন্তোষজনক সদুত্তর পাননি।
- অভিযোগটি যেন অন্যান্য বিচারব্যবস্থার (যেমন আদালত) কাছে বিচারাধীন/নিষ্পত্তি না হয়ে গিয়ে থাকে অথবা লোকপাল দ্বারা আগেই নিষ্পত্তি না হয়ে গিয়ে থাকে।

আরবিআই-এর কাছে অভিযোগ কি মাধ্যমে করবেন?

নিম্নলিখিত পদ্ধতির মাধ্যমে আর বি আই লোকপাল/সি ই পি সি -এর কাছে অভিযোগ দায়ের করা যেতে পারে:

i) অনলাইনে [https://cms.rbi.org.in/;](https://cms.rbi.org.in/)

বা

ii) " সি আর পি সি, 4র্থ তলা, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, সেক্টর-17, সেন্ট্রাল ভিস্তা, চণ্ডীগড়-160017"-এ চিঠি / পোস্ট দ্বারা

দরকারী টিপ!

<https://cms.rbi.org.in/>-এ CMS পোর্টালে অনলাইনে অভিযোগ দায়ের করা তাৎক্ষণিক স্বীকৃতি এবং অভিযোগ নম্বর প্রদান করে এবং আরবিআই লোকপালের দ্বারা এর দ্রুত নিষ্পত্তিতে সহায়তা করে

আর বি আই লোকপালের-এর কাছে অভিযোগ দায়ের করার জন্য কি কোন চার্জ বা ফি দিতে হবে?

না। আরবি-আইওএস, 2021-এর অধীনে অভিযোগ দায়ের বা নিরসনের জন্য RE-এর গ্রাহকের জন্য চার্জ বা ফি নেই। এছাড়া, অভিযোগকারীদের আরবিআই আর বি আই লোকপালের কাছে অভিযোগ দায়ের করতে কোনও তৃতীয় মাধ্যমকে যোগাযোগ অথবা ফি দেওয়ার প্রয়োজন নেই। অভিযোগকারীরা তাদের অভিযোগ নিজেসই বা একজন অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে উপরোক্ত যেকোনও উপায়ে বিনামূল্যে দায়ের করতে পারেন। তবে এ্যাডভোকেটের মাধ্যমে অভিযোগ দায়ের করা যাবে না।

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে পরিদর্শন করুন:

FAQs on RB- IOS, 2021 - https://www.rbi.org.in/scripts/FS_FAQs.aspx?fn=2745


or

CMS Portal **<https://cms.rbi.org.in/>**

বার্তা 22

আর বি আই পরিচালিত অভিযোগ পরিচালন ব্যবস্থা (সিএমএস)

অভিযোগকারীরা 24x7 অনলাইন মাধ্যমে CMS পোর্টালে <https://cms.rbi.org.in> আরবিআই দ্বারা নিয়ন্ত্রিত যেকোনো সংস্থার বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে পারেন। <https://cms.rbi.org.in> পোর্টালটিতে গ্রাহক সচেতনতা এবং সুরক্ষা সম্পর্কিত আর বি আই এর উদ্যোগের সাম্প্রতিক ভিডিও এবং পোস্টারও রয়েছে।



Reserve Bank - Integrated Ombudsman Scheme, 2021
[View](#)

Regulated entities covered under Reserve Bank - Integrated Ombudsman Scheme, 2021
[View](#)

Regulated entities not covered under Reserve Bank - Integrated Ombudsman Scheme, 2021
[View](#)

Address of Centralised Receipt and Processing Centre
[View](#)

[Complaint Form](#)

Assistance



How to file a Complaint?



How to track your complaint?



How to file an appeal?

Education and awareness videos



Basic Savings Bank Deposit Account, BSBD



Customer Liability in Unauthorised Electronic Banking Transactions



Safe Digital Banking, Badminton Court
[View More](#)

CMS পোর্টালে অনলাইনে অভিযোগ দায়ের করার সুবিধা/সুবিধা কী?

- নিখরচায় সহজে অভিযোগ দায়ের করা যায়
- দেশের যে কোনো জায়গা থেকে সি এম এস পোর্টালে অভিযোগ দায়ের করা যায়
- অনলাইন অভিযোগ নিবন্ধনের ক্ষেত্রে অভিযোগকারীর প্রাপ্তিস্বীকার পান
- অভিযোগের স্থিতির রিয়েল-টাইম ট্র্যাকিংয়ের সুবিধা

- অনলাইনে অতিরিক্ত নথি জমা দেওয়ার সুবিধা
- অভিযোগ কারীর কাছে আরবিআই কর্তৃক অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মতামত অনলাইনের মাধ্যমে এবং স্বেচ্ছায় জমা দেওয়ার সুবিধা

আরবিআই-এর কাছে অভিযোগ দায়ের করার বিষয়ে আরও জানবেন কীভাবে?

- যেকোনো ব্যক্তি আর বি আই এর অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা সম্বন্ধীয় তথ্যের/স্পষ্টিকরনের জন্য টোল ফ্রি নম্বর 14448 এর মাধ্যমে আর বি আই এর যোগাযোগ কেন্দ্রে সম্পর্ক করতে পারেন এবং অভিযোগ দায়ের/অভিযোগের বর্তমান স্থিতি সম্বন্ধে জানার বিষয়ে পরামর্শ চাইতে পারেন।
- যোগাযোগ কেন্দ্রের সুবিধা রিজার্ভ ব্যাঙ্কের কর্মীদের মাধ্যমে সমস্ত কর্মদিবসে সকাল 8:00 টা থেকে রাত্রি 10:00 টা পর্যন্ত হিন্দি এবং ইংরেজিতে এবং সকাল 9:30 থেকে বিকাল 5:15 পর্যন্ত দশটি আঞ্চলিক ভাষায় (আসামীয়া, বাংলা, গুজরাটি, কন্নড়, মালয়ালম, মারাঠি, ওড়িয়া, পাঞ্জাবি, তামিল এবং তেলেগু) উপলব্ধ থাকে। এটি ইন্টারেক্টিভ ভয়েস রেসপন্স সিস্টেম (আই ভি আর) সুবিধার মাধ্যমেও 24x7x365 পাওয়া যায়।

RB-IOS, 2021-এর অধীনে আর বি আই লোকপালের -এর কাছে অভিযোগগুলি কি যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে দায়ের করা যেতে পারে?

না, যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে অভিযোগ দায়ের করা যাবে না, তবে যোগাযোগ কেন্দ্র সিএমএস পোর্টাল বা লিখিতভাবে অভিযোগ দায়ের করতে অভিযোগকারীকে সহায়তা করতে পারে। এটি আর বি আই দ্বারা গঠিত এ জি আর প্রক্রিয়া সম্পর্কে / বিশদ বিবরণ প্রদান করবে।



বার্তা 23

দুর্যোগ থেকে ত্রাণ



জলবায়ু পরিবর্তন সারা দেশে ঝুঁকিপূর্ণ এলাকায় অবস্থানরত লক্ষ লক্ষ এবং কোটি কোটি ভারতীয়দের জীবিকার জন্য একটি গুরুতর বিপদ হিসাবে আবির্ভূত হয়েছে এবং এটি ঋণ গ্রহীতাদের তাদের জীবিকার উদ্দেশ্যে নেওয়া ঋণ পরিশোধের ক্ষমতাকে প্রভাবিত করছে। ভয় পাবেন না, কারণ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ব্যবস্থার বিষয়ে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশিকা আপনাকে সাহায্য করবে:

কিভাবে এটা কাজ করে:

- কেন্দ্রীয় বা রাজ্য সরকার আপনার রাজ্য/জেলায় একটি প্রাকৃতিক দুর্যোগের ঘোষণা করে
- স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটি (এসএলবিসি) বা ডিস্ট্রিক্ট কনসালটেটিভ কমিটি (ডিসিসি) কৃষি বা আনুষঙ্গিক ক্রিয়াকলাপ, গ্রামীণ কারিগর, ব্যবসায়ী, এম এস এম ই ইত্যাদি ক্ষেত্রে ঋণগ্রহীতাদের জন্য ত্রাণ ব্যবস্থা ঘোষণা করার উদ্দেশ্যে একটি সভা আহ্বান করে।
- যদি আপনার আয়ের উৎস প্রাকৃতিক দুর্যোগের দ্বারা প্রভাবিত হয়, তাহলে আপনি বর্তমান ঋণের পুনর্বিন্যাস বা পুনর্গঠন বা নতুন ঋণ অনুমোদনের মাধ্যমে ত্রান লাভ করতে আপনার আর্থিক প্রতিষ্ঠানের (ব্যাঙ্ক/এনবিএফসি/কো-অপারেটিভ ব্যাঙ্ক) সাথে যোগাযোগ করতে পারেন।
- যেখানে প্রযোজ্য সেখানে আপনার ঋণ, স্থগিতাদেশের মেয়াদ, বর্ধিত পরিশোধের সময়কাল, শিথিল কেওয়াইসি নিয়ম এবং সুদের সাবভেনশন সুবিধাসহ পুনর্বিন্যাস করা হবে।
- আপনি জিজ্ঞাসা করতে পারেন, যদি আবার দুর্যোগ আসে? চিন্তার কিছু নেই, কারণ এই ত্রাণ ব্যবস্থাগুলো ধারাবাহিক প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

শিক্ষণীয় খুঁটিনাটি




আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, আরবিআই

এটি রিয়েল টাইমে আপনার আর্থিক সম্পদের তথ্যের বিবরণ প্রদান করে

- আপনি আপনার আর্থিক তথ্য একটি অ্যাকাউন্ট এগ্রিগেটর এর মাধ্যমে সুরক্ষিতভাবে জানাতে পারেন কারণ এটি আপনার আর্থিক তথ্য দেখেনা বা সংরক্ষণ করে না।
- অ্যাকাউন্ট এগ্রিগেটররা আপনার কাছ থেকে স্পষ্ট নির্দেশ পাওয়ার পরেই ঋণপ্রদানকারী ব্যাঙ্ক বা এনবিএফসির সাথে তথ্য শেয়ার করবে।
- এটি ঋণ প্রক্রিয়াকরণের সময়কে উল্লেখযোগ্য ভাবে হ্রাস করতে পারে।
- আমানতকারীরা তাদের আর্থিক সম্পদের ডিজিটাল ভাবে প্রেরিত তথ্য ব্যবহার করে আর্থিক তথ্য ব্যবহারকারীদের (এফআইইউ) কাছ থেকে ঋণ, ক্রেডিট পর্যবেক্ষণ, সম্পদ পরিচালনার মত আর্থিক পরিষেবা ব্যবহার করতে পারেন এবং এর সঙ্গে ব্যক্তিগত অর্থ পরিচালনা হিসাব মেলাও ইত্যাদি দ্রুত, সুরক্ষিতভাবে এবং নির্বাঙ্কিতে করতে পারবেন।
- এছাড়া, নগদ প্রবাহ-ভিত্তিক ঋণদানের জন্য এএ কাঠামোর অধীনে জি এস টি এন অন্তর্ভুক্ত করার কারণে এএ কাঠামোর ক্ষুদ্র ঋণগ্রহীতাদের বিশেষ করে MSME-এর জন্য অপার সম্ভাবনা রয়েছে।

অ্যাকাউন্ট এগ্রিগেটর ফ্রেমওয়ার্ক

- এ পি আই এর মাধ্যমে আর্থিক তথ্যের জন্য অনুরোধ করুন



ডিজিটাল লেন্ডিং অ্যাপস (ডি এল এ) হল আপনার ফোন বা কম্পিউটারে এমন অ্যাপ্লিকেশন যা অনলাইনে ঋণ পাওয়া সহজ করে। এই অ্যাপগুলি রিজার্ভ ব্যাঙ্কের জারি করা বর্তমান আউটসোর্সিং নির্দেশিকাগুলির সাথে সামঞ্জস্য রেখে যেকোন ক্রেডিট সুবিধার পরিষেবা প্রদান করার জন্য নিয়ন্ত্রিত সংস্থা(আর ই), যেমন ব্যাঙ্ক এবং এনপিএফসি অথবা নিয়ন্ত্রিত সংস্থা দ্বারা নিযুক্ত ঋণদান পরিষেবা প্রদানকারী এলএসপি হতে পারে। ডিএলএ সাধারণত ব্যাঙ্ক এবং এনবিএফসি-র পক্ষে ঋণ আবেদন এবং বিতরণ প্রক্রিয়া স্বয়ংক্রিয় করতে প্রযুক্তি ব্যবহার করে কাজ করে। আপনি আপনার স্মার্টফোনের মাধ্যমে একটি ঋণের জন্য আবেদন করতে পারেন, এবং অ্যাপটি আপনার তথ্য পরীক্ষা করতে এবং ঋণ প্রক্রিয়া করতে ডিজিটাল টুল ব্যবহার করবে।

বৈধ অ্যাপস সনাক্ত করুন

কোনো ডিজিটাল লেনদেন অ্যাপ ব্যবহার করার আগে, আপনি তাদের (ব্যাঙ্ক/এনবিএফসি) ওয়েবসাইটে লগ ইন করে RBI নিয়ন্ত্রিত ব্যাঙ্ক/এন বি এফ সি-এর সাথে অ্যাপটির কোন সম্বন্ধ/আউটসোর্সিং ব্যবস্থা আছে কিনা তা পরীক্ষা করতে পারেন। এছাড়াও, আপনি এসএমএস বা সোশ্যাল মিডিয়া চ্যানেলে লিঙ্ক হিসাবে প্রাপ্ত কোনও অ্যাপ ডাউনলোড করা এড়িয়ে চলুন।

● সন্দেহজনক অ্যাপের রিপোর্টিং

যেকোন সন্দেহজনক লোন অ্যাপ, যদি যেকোনো অ্যাপ স্টোরে থাকে বা এসএমএস/সোশ্যাল মিডিয়া লিঙ্কের মাধ্যমে পেয়ে থাকেন, এর সম্বন্ধে আইন প্রয়োগকারী সংস্থাকে রিপোর্ট করা উচিত।



● ঋণের আর্থিক প্রভাব বোঝা

একটি ডিজিটাল লোন নেওয়ার আগে, আপনাকে অবশ্যই কি ফ্যাক্ট স্টেটমেন্টে দেওয়া ঋণের বার্ষিক শতাংশ হার এবং অন্যান্য সম্পর্কিত শর্তাবলীর আকারে ঋণ নেওয়ার মোট খরচ খুঁটিয়ে মূল্যায়ন করতে হবে।

● ঋণ সংক্রান্ত নথিগুলি সাবধানে পড়ুন

আপনার ঋণ সংক্রান্ত বিভিন্ন নথি যেমন কী ফ্যাক্ট স্টেটমেন্ট (KFS), অনুমোদনপত্র, ঋণদাতা/এলএসপি-এর গোপনীয়তা নীতি ইত্যাদি খুঁটিয়ে পড়তে হবে। এছাড়াও, আপনাকে নিশ্চিত করতে হবে যে নথিগুলি ডিজিটালভাবে স্বাক্ষরিত এবং ব্যাঙ্ক/এনবিএফসি-এর লেটারহেডে দেওয়া হয়েছে।

● আপনার ডেটা সুরক্ষিত করুন

অনুগ্রহ করে ডিজিটাল ঋণদাতাদের গোপনীয়তা নীতির নথি এবং ডেটা স্টোরেজ নীতিগুলি সাবধানে পড়ুন এবং অ্যাপটি ইনস্টল করার আগে প্রয়োজনীয় অনুমতিগুলি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করুন।

● অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা

ডিজিটাল ঋণ সংক্রান্ত কোনো অভিযোগের ক্ষেত্রে, ব্যাঙ্ক/এনবিএফসি বা তাদের দ্বারা নিযুক্ত এলএসপি অথবা নোডাল অভিযোগ নিষ্পত্তি অফিসারের সাথে যোগাযোগ করা যেতে পারে। এই ধরনের নোডাল অভিযোগ নিষ্পত্তি অফিসারের বিশদ বিবরণ ব্যাঙ্ক/এনবিএফসি-এর ওয়েবসাইট, এলএসপি-এর ওয়েবসাইট এবং ডিজিটাল ঋণ অ্যাপে পাওয়া যায়। এছাড়াও, যদি 30 দিনের মধ্যে ব্যাঙ্ক/এনবিএফসি দ্বারা অভিযোগটি সন্তোষজনকভাবে নিরসন না করা হয়, তবে কেউ রিজার্ভ ব্যাঙ্ক-ইন্টিগ্রেটেড ওম্বুডসম্যান স্কিম (RB-IOIS) এর অধীনে অভিযোগ পরিচালন ব্যবস্থা (সি এম এস), পোর্টালে অভিযোগ দায়ের করতে পারেন।

বার্তা 26

MANI অ্যাপ - দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের

ক্ষমতায়ন

- দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তির MANI অ্যাপ ডাউনলোড করে একটি মুদ্রার নোটের মূল্য শনাক্ত করতে পারে।
- অ্যাপটি হিন্দি, ইংরেজি, অন্যান্য 11টি ভাষায় (অসমিয়া, বাংলা, গুজরাটি, কন্নড়, মালায়ালাম, মারাঠি, ওড়িয়া, পাঞ্জাবি, তামিল, তেলেগু, উর্দু) অডিও নোটিফিকেশন এবং ভাইব্রেশন মোডের মাধ্যমে মহাত্মা গান্ধী সিরিজ এবং মহাত্মা গান্ধী (নতুন) সিরিজের ব্যাঙ্কনোটগুলির মূল্য চিহ্নিত করে।
- ডাউনলোড করার পরে, ইন্টারনেটের প্রয়োজন হয় না এবং অ্যাপটি অফলাইন মোডে কাজ করে।
- অ্যাপটি অ্যান্ড্রয়েড প্লে স্টোর এবং iOS অ্যাপ স্টোর উভয়তেই কোনো চার্জ/পেমেন্ট ছাড়াই পাওয়া যায়।
- মোবাইল অ্যাপ্লিকেশনটি নোটকে আসল বা জাল হিসাবে সত্যতা যাচাই করে না।



English

হিন্দি মরাঠী

গুজরাটী বাংলা

তামিড় পঁনাম্বী

কন্নড় ওড়ী

ওড়ীয়া অসমীয়া

মহাভাষা

কিউরু

- নোংরা, ছেঁড়া, ক্ষতিগ্রস্ত, বিকৃত বা ত্রুটিপূর্ণ মুদ্রার নোট ব্যাঙ্ক শাখাগুলির কাউন্টারে বিনিময় করা যেতে পারে। [ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক নোট রিফান্ড রুলস, 2009 (2018 সালে সংশোধিত) এর অধীনে কারেন্সি নোট বিনিময় করা হয়।
- যদি ব্যাঙ্ক শাখা এই ধরনের নোট বদলাতে অস্বীকার করে, তাহলে ওই ব্যাঙ্কে অভিযোগ দায়ের করুন।
- যদি এক মাসের মধ্যে অভিযোগের নিরসন না হয় তাহলে আপনি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক লোকপালের কাছে অভিযোগ জানাতে পারেন।



বার্তা 28

মুদ্রা সম্পর্কে বিভ্রান্তিকর তথ্য দূর করুন



- বিভিন্ন মূল্যের কয়েন একই সময়ে প্রচলনে থাকে কারণ এগুলি বহুদিন বৈধ থাকে।
- সমস্ত ব্যাঙ্কে লেনদেনের ক্ষেত্রে কয়েন গ্রহণ করতে এবং তাদের সমস্ত শাখায় এগুলি বিনিময় করতে নির্দেশ দেওয়া হয়েছে।



বার্তা 29

ডিজিটাল রুপি

- ডিজিটাল রুপি নগদ মুদ্রার মতোই একটি বৈধ মুদ্রা।
- ডিজিটাল রুপি ওয়ালেট ব্যবহার করলে আপনাকে টাকার ব্যাগে নগদ মুদ্রা রাখতে হবে না কিন্তু আপনি যে কোন ব্যক্তি বা ব্যবসায়ী, যার কাছে ডিজিটাল রুপি ওয়ালেট আছে তাকে অর্থ প্রদান করতে পারেন।
- ডিজিটাল রুপি UPI এর সাথে আন্তঃপরিচালনাযোগ্য (ইন্টারঅপারেবল) যার মানে হল যে আপনি যেকোনো ব্যবসায়ীকে তাদের UPI QR কোড স্ক্যান করে অর্থপ্রদান করতে পারেন।
- আপনি সহজেই আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টে ডিজিটাল রুপি লোড এবং রিডিম করতে পারেন।
- অ্যান্ড্রয়েড বা অ্যাপ স্টোর থেকে যেকোনো পাইলট ব্যাঙ্কের ডিজিটাল রুপি অ্যাপ ডাউনলোড করুন এবং লেনদেন শুরু করতে পঞ্জীকরণ করুন।



একটি ব্যাঙ্কে 10 বছরে দাবিহীন থাকা আমানতগুলি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা পরিচালিত "আমানতকারী শিক্ষা ও সচেতনতা" (DEA) তহবিলে স্থানান্তর করা হয়। নতুন আমানত যাতে দাবিহীন হয়ে না যায় এবং বর্তমান দাবিহীন আমানত যাতে যথাযথ পদ্ধতি অনুসরণ করে সঠিক মালিক বা সুবিধাভোগীদের কাছে ফেরত দেওয়া হয় তা সুনিশ্চিত করতে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে। ব্যাঙ্কগুলিকে তাদের নিজ নিজ ওয়েবসাইটে দাবিহীন আমানতের তালিকা প্রদর্শন করতে হবে। আমানতকারী বা সুবিধাভোগীদের কাছে এই ধরনের তথ্যের উপলব্ধতা উন্নত এবং সহজলভ্য করার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক একটি কেন্দ্রীভূত ওয়েব পোর্টাল তৈরি করেছে যাতে ব্যবহারকারীরা তাদের দেওয়া ইনপুটগুলির উপর ভিত্তি করে একাধিক ব্যাঙ্কে তাদের দাবিহীন আমানতগুলি অনুসন্ধান করতে সক্ষম হয়।

অনুসন্ধান পোর্টালটির নাম দেওয়া হয়েছে উদগম (Unclaimed Deposits - Gateway to Access Information-এর সংক্ষিপ্ত রূপ) (www.udgam.rbi.org.in) এবং এই পোর্টালটি মাননীয় গভর্নর 17 আগস্ট, 2023-এ জনসাধারণের ব্যবহারের জন্য চালু করেছিলেন। এখনো অবধি এই পোর্টালে 30টি ব্যাঙ্কের জন্য অনুসন্ধানের সুবিধা আছে।

ব্যবহারকারী নিজেই পঞ্জীকরণের মাধ্যমে এই পোর্টালটি ব্যবহার করতে পারেন এবং ইনপুট প্রদান করে দাবিহীন আমানত অনুসন্ধান করতে পারেন। একটি সফল অনুসন্ধানের পরে, ব্যবহারকারীরা দাবিহীন আমানত রেফারেন্স নম্বর (UDRN) সম্বলিত ফলাফলটি ডাউনলোড/প্রিন্ট করতে পারেন এবং আমানত দাবি করতে বা অ্যাকাউন্টটি পুনরায় সক্রিয় করতে সংশ্লিষ্ট ব্যাঙ্কের শাখায় যেতে পারেন। অনুসন্ধান ফলাফল প্রদর্শন পৃষ্ঠায় হাইপারলিংকের রূপে নির্দিষ্ট ব্যাঙ্কে কিভাবে আমানত দাবি করা যায় বা অ্যাকাউন্টটি পুনরায় সক্রিয় করা যায় সে সম্বন্ধে তথ্য সরবরাহ করা হয়েছে।

মন্তব্য



आर्थिक अन्तर्भुक्ति ओ उन्नयन बिभाग
रिजार्ड ब्याङ्क अफ इन्डिया

10 तला, केन्द्रीय अफिस
मुम्बई - 400001, भारत